উপরিউক্ত আলোচনার মাধ্যমে মোটামুটিভাবে সংস্কৃত ভাষায় সমাপিকা ও অসমাপিকা ক্রিয়াপদের রূপ নির্মাণ ও বিশ্লেষণ বোঝার চেষ্টা করা হয়েছে। এবার এই বিষয়টিকে ভাষাতত্ত্বের অন্যতম স্তম্ভ রূপতত্ত্বের আঙ্গিকে বিচার করার সময় এসেছে। রূপতত্ত্ব বিষয়টি সম্পর্কে প্রথমে একটু জেনে নেওয়া যাক। 'রূপতত্ত্ব' ভাষাবিজ্ঞানের অন্যতম ভিত্তিস্তম্ভ। ভিত্তিস্তম্ভ হল সেটি যার উপর নির্ভর করে কোন বিষয় দাঁড়িয়ে থাকে। রূপতত্ত্ব হল ভাষাবিজ্ঞানের সেই ভিত্তি, যার কাজ একটি শব্দের সবচেয়ে ক্ষুদ্রতম অথচ অর্থপূর্ণ ধ্বনি সমষ্টিকে খুঁজে বার করে বিচার বিশ্লেষণ করা। অতএব রূপতত্ত্বের আলোচ্য বিষয় একটি শব্দের বিভিন্ন দিক, যেমন তার গঠন, শ্রেণীবিভাগ, সেই শব্দটির রূপবৈচিত্র্য সাধনের বিবিধ উপকরণ যেমন প্রকৃতি, বিভক্তি, প্রত্যয় ইত্যাদির যথোপযুক্ত বিশ্লেষণ। একটি শব্দকে ভাঙলে সবচেয়ে ক্ষুদ্র অংশ রূপে যাকে পাওয়া যায় ভাষাবিজ্ঞানের ভাষায় তাকে বলা হয় ধ্বনি। এবং ধ্বনির পরবর্তী বৃহত্তর একক রূপিম বা মূলরূপ, যার সঙ্গে আরও কোন রূপিম বা ধ্বনি যুক্ত হয়ে একটি শব্দ গঠিত হয়। "রূপিম বা মূলরূপ" (Morpheme) হল এক বা একাধিক স্বনিমের সমন্বয়ে গঠিত এমন অর্থপূর্ণ ক্ষুদ্রতম একক যা পৌনঃপুনিক এবং যার অংশ বিশেষের সঙ্গে অন্য শব্দের ধ্বনিগত ও অর্থগত সাদৃশ্য নেই। কোনো ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে রূপিম বা মূলরূপ হতে গেলে তাকে চারটি শর্ত একই সঙ্গে পূরণ করতে হবে:

(১) সেটি এক বা একাধিক ধ্বনির সমন্বয়ে গঠিত ক্ষুদ্রতম একক (unit) হওয়া চাই;

(২) সেই এককটির একটি অর্থ থাকা চাই;

(৩) সেই এককটি ভাষার মধ্যে বারবার ফিরে আসা চাই; এবং

(৪) সেই এককটির অংশ বিশেষের সঙ্গে অন্য এককের ধ্বনিগত ও অর্থগত মিল থাকবে না"।[৫] রূপিম বা মূলরূপ দুই রকমের হয়, যথা মুক্ত রূপিম এবং বদ্ধ রূপিম। যে অর্থপূর্ণ ক্ষুদ্রতম ধ্বনিসমষ্টি বাক্যে পৃথক ভাবে স্বাধীন হয়ে ব্যবহৃত হতে পারে সেটি হল মুক্ত রূপিম (free morpheme)। কিন্তু যে অর্থপূরণ ক্ষুদ্রতম ধ্বনিসমষ্টি কখনোই স্বাধিনভাবে ব্যবহৃত হয় না তাকে বদ্ধ রূপিম বলে (Bound morpheme)।

সংস্কৃত ভাষায় ব্যবহৃত পদ সর্বদা বিভক্তি যুক্ত হয়ে বাক্যে ব্যবহৃত হয়। সংস্কৃত ব্যাকরণে বিভক্তি প্রত্যয়েরই অন্তর্গত। অর্থাৎ বিভক্তিও একটি প্রত্যয়। সংস্কৃত ভাষায় রচিত শাস্ত্রে ব্যবহৃত শব্দ সমূহকে পদ বলা হয়। পদ না হলে সেটি শাস্ত্রে ব্যবহারের যোগ্য নয়। এবং সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী পদ গঠিত হয় সুপ্ এবং তিঙ্ বিভক্তি যুক্ত হয়ে। তিঙ্ বিভক্তি ধাতুর সঙ্গে যুক্ত হয় এবং সেটি সমাপিকা ক্রিয়াপদ গঠন করে।

৪.১ সমাপিকা ও অসমাপিকা ক্রিয়াপদের মূলরূপ অনুসন্ধান ও রূপতত্ত্ব বিচার:

তিঙ্ বিভক্তি যুক্ত হয়ে সমাপিকা ক্রিয়াপদ গঠনের সময় একটি ক্রিয়াপদে র দুটি অংশ পাওয়া গেছে। একটি ধাতু এবং অপরটি তিঙ্ নামে একটি বিভক্তি। ধাতুর একটি নির্দিষ্ট অর্থ আছে। তাই ধাতুকে একটি রূপিম হিসেবে ধরা যায়। ধাতু যেহেতু বাক্যে একা ব্যবহৃত হতে পারে না সর্বদা অন্য কোন প্রত্যয় যোগেই ব্যবাহার হয় তাই ধাতুকে বদ্ধ রূপিম বলা হবে।

তিঙ্ বিভক্তিও কতগুলি অর্থেই ব্যবহৃত হয়। যেমন, তিঙ্ নামে অভিহিত এই বিভক্তির রূপগুলি ক্রিয়ার কাল, কর্তার পুরুষ ও বচন প্রকাশ করে। অর্থাৎ এই সকল অর্থ একটি তিঙ্ বিভক্তির মধ্যে নিহিত থাকে। তাই তিঙ্ বিভক্তি গুলিও এক একটি রূপিম। এই তিঙ্ বিভক্তি গুলি আবার ধাতুর সঙ্গে যুক্ত না হলে কোনোরূপ অর্থই প্রকাশ করতে পারে না এবং বাক্যেও ব্যবহৃত হতে পারে না তাই এগুলি বদ্ধরূপিম। যেমন 'গমিষ্যামি (যাব)' এটি একটি ক্রিয়াপদ। এর ধাতু হল গম্ এবং এর সঙ্গে লৃট্ লকারের উত্তম পুরুষ একবচনের রূপ 'ষ্যামি' যুক্ত হয়েছে। ষ্যামি এই মূলরূপটির দ্বারা জানা যাচ্ছে যে এটি যে ধাতুর সঙ্গে যুক্ত হয়ে ক্রিয়াপদ গঠন করবে সেই ক্রিয়াপদের কর্তা উত্তম পুরুষ একবচনের (আমি) এবং ক্রিয়াটির কাল হল ভবিষ্যৎ। এরূপ প্রতিটি লকারে প্রযুক্ত এক একটি রূপ এক একটি অর্থ প্রকাশ করে। তাই তিঙ্ বিভক্তির যে একশো আশিটি রূপ পাওয়া যায় তারা প্রত্যেকে এক একটি বদ্ধ-রূপিম।

সমাপিকা ক্রিয়ার অর্থে ব্যবহৃত হয় যে সকল প্রত্যয় তাদের প্রত্যেকের নিজস্ব একটি করে অর্থ রয়েছে। এবং বেশিরভাগ ক্ষেত্রেই আমরা দেখেছি এগুলির ধাতুর সঙ্গে যুক্ত হওয়ার কতকগুলি শর্ত। (দ্র. ৩.১.২ বিভাগ) সেই শর্তগুলি পূর্ণ না হলে সেই প্রত্যয় বাক্যে ব্যবহৃত হতে পারবে না। অর্থাৎ প্রত্যয়গুলি বিশেষ অর্থেই ধাতুর সঙ্গে যুক্ত হয়। তাই এগুলিও এক একটি বদ্ধ রূপিম। যেমন, 'দৃষ্টবান্' পদটির মধ্যে রয়েছে দৃশ্ ধাতু (অর্থ হল দেখা), এবং ক্তবতু প্রত্যয়। পদে যুক্ত 'ক্তবতু' প্রত্যয়টির সাহায্যে বোঝা যাচ্ছে দেখা ক্রিয়াটির কর্তা একটি পুংলিঙ্গ বাচক শব্দ ও কর্তার সংখ্যা এক এবং ক্রিয়াটির কাল অতীত। অর্থাৎ ক্তবতু প্রত্যয় উক্ত উক্ত অর্থগুলি প্রকাশ করে। অতএব এই প্রত্যয়গুলি প্রত্যেকে এক একটি বদ্ধ রূপিম। কেননা এই প্রত্যয়গুলি ধাতুকে ছাড়া একা একা স্বাধীনভাবে বাক্যে ব্যবহৃত হতে পারে না এবং অর্থও প্রকাশ করতে পারে না।

অসমাপিকা ক্রিয়াপদ গঠনের সময় দেখেছি একটি ধাতু ও একটি প্রত্যয় যোগে অসমাপিকা ক্রিয়াপদ (দ্র. ৩.২ বিভাগ) গঠিত হচ্ছে। রূপতাত্ত্বিক বিচারে বলা যায় একটি ধাতু নামক মূলরূপের সঙ্গে আর একটি প্রত্যয় নামক মূলরূপের যোগে অসমাপিকা ক্রিয়াপদের রূপ গঠন।

৪.২ পরিশেষে

অতএব সংস্কৃত ভাষায় সমাপিকা ক্রিয়াপদ =

I. ধাতু + তিঙ্ (১৮০ টি রূপের যে কোনও একটি)। উদাহরণ: সেব্ + লট্ তে = সেবতে।

II. ধাতু + প্রত্যয় (সমাপিকা ক্রিয়ার অর্থ প্রকাশক যে কোন একটি) + সুপ্ -বিভক্তি। (এই নিয়মে গঠিত সমাপিকা ক্রিয়ার অর্থ প্রকাশক পদটি ক্রিয়াপদ নয়, বিশেষণ, দ্র.)। উদাহরণ: গম্ + ক্ত + সুপ্-প্রথমা/একবচন = গতঃ।

III. ধাতু + প্রত্যয় (বিশেষ অর্থযুক্ত) + তিঙ্ (১৮০ টি রূপের যে কোনও একটি)। উদাহরণ: শ্রু + ণিচ্ + লট্-তি = শ্রাবয়তি।

অসমাপিকা ক্রিয়াপদ = ধাতু + প্রত্যয়। উদাহরণ: কৃ + ক্ত্বা = কৃত্বা। শ্রু + ক্ত্বা = শ্রুত্বা।

উপসংহার

ভট্টোজি দীক্ষিত রচিত বৈয়াকরণসিদ্ধান্তকৌমুদী ব্যাকরণ গ্রন্থের তিঙন্ত প্রকরণে আলোচিত তিঙ্ যোগে গঠিত ১৮০ টি ক্রিয়াপদের রূপবৈচিত্র্য অনুধাবন বেশ পরিশ্রম সাধ্য ও গবেষণামূলক কাজ। এই গবেষণা প্রবন্ধের মাধ্যমে সংস্কৃত ভাষায় ব্যবহৃত সমাপিকা ও অসমাপিকা ক্রিয়াপদের সমস্ত ধরণের রূপের গঠন ও বিশ্লেষণ সংক্ষেপে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। তিঙ্ যোগে গঠিত দশটি লকারের মোট যে একশো আশিটি রূপ হয় তার প্রতিটি রূপ ও তার বৈচিত্র্য বিশ্লেষণ সম্ভব হয়নি (কেবলমাত্র একটি ধাতুর একটি লকারের নয়টি রূপ দেখিয়ে আলোচনা করা হয়েছে) কেননা এটি একটি বৃহৎ গবেষণা কার্যের বিষয়। অন্য পরবর্তী কোন প্রবন্ধে এই দিকটি সম্পর্কে আলোচনা করা যেতে পারে বা এটি অন্যান্য গবেষকদের কাছেও গবেষণা কার্যের বিষয় হতে পারে। তবে এই প্রবন্ধটি সংস্কৃত ভাষার ক্রিয়াপদ সম্পর্কে জানতে ইচ্ছুক ব্যক্তি গণের কাছে ও সংস্কৃত ভাষা শিক্ষার্থীর কাছে ফলপ্রসূ হবে তা আশা করা যেতে পারে।

সংকেত সূচি

১. অষ্টা. = অষ্টাধ্যায়ী

তথ্যসূত্র

[১] করুণাসিন্ধু দাশ, *সংস্কৃত ব্যাকরণ ও ভাষাপ্রসঙ্গ* (২০০৫)। পৃ. ১৫৪।
[২] তদেব (ঐ)
[৩] ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, *সমগ্র ব্যাকরণ কৌমুদী* (সম্পা. হেমচন্দ্র ভট্টাচার্য, ১৪২৪)। পৃ.২২৯।
[৪] তদেব (ঐ)। পৃ. ২৩০।
[৫] রামেশ্বর শ। *সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা* (১৪২৫)। পৃ. ৩৪৭।

নির্বাচিত গ্রন্থপঞ্জি

মজুমদার, পরেশচন্দ্র; (২০১৯)। সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ, কলকাতা: দেজ পাবলিশিং।
চক্রবর্তী, সত্যনারায়ণ; (২০১৬)। পাণিনীয় শব্দশাস্ত্র, কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার।
শ', রামেশ্বর; (১৪২৫)। সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা, কলকাতা: পুস্তক বিপণি।

লাহিড়ী, প্রবোধচন্দ্র। শাস্ত্রী, হৃষীকেশ ও বন্দ্যোপাধ্যায়, প্রদ্যোতকুমার (২০০৬)। পাণিনীয়ম্, কলকাতা: দি ঢাকা স্টুডেন্টস লাইব্রেরী।

ভট্টাচার্য্য, হেমচন্দ্র (সম্পা); ১৪২৪। সমগ্র ব্যাকরণ কৌমুদী, কলকাতা: চলন্তিকা প্রকাশক।

বসু, রত্না; (১৯৭৭)। ভাষাবিজ্ঞান ও সংস্কৃত ভাষা, কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার।

মুখোপাধ্যায়, গোপেন্দু; (১৪১৯)। সংস্কৃত সাহিত্যের ইতিবৃত্ত, কলকাতা: ইউনাইটেড বুক এজেন্সি।

ভট্টাচার্য্য, তপনশঙ্কর; (২০১৬)। লঘু সিদ্ধান্তকৌমুদী, কলকাতা: সংস্কৃত বুক ডিপো।

হালদার, গুরুপদ; (১৩৫০ বঙ্গাব্দ)। ব্যাকরণ দর্শনের ইতিহাস (প্রথম খণ্ড), কলকাতা: শ্রী ভারতি বিকাশ হালদার।

সেন, সুকুমার; (১৯৫৭)। ভাষার ইতিবৃত্ত, বর্ধমান: সাহিত্যসভা।

চট্টোপাধ্যায়, সুনীতিকুমার; (১৯৪২)। ভাষা-প্রকাশ বাঙ্গলা ব্যাকরণ, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

দাশ, করুণাসিন্ধু; (২০০৫)। সংস্কৃত ব্যাকরণ ও ভাষাপ্রসঙ্গ। কলকাতা: সদেশ।

Jadavpur Journal of Languages and Linguistics

ISSN: 2581-494X

Mental Spaces in Mood and Modality in Sylheti: Some Observations

Puja Shil and Gautam K. Borah
Tezpur University

ARTICLE INFO

Article history:
Received 26/02/2023
Accepted 04/03/2023

Keywords:
Modality,
Mood,
Modality,
Sylheti,
Cognitive Linguistics,
Mental Space,
Space builders.

ABSTRACT

In the current paper, we make an attempt to show how mental spaces are involved in modality and mood in Sylheti, an Indo-Aryan language spoken in the Sylhet division of Bangladesh and the Barak valley of Assam.

Mental spaces are at the heart of the Mental Space Theory as developed by Giles Fauconnier (1985, 1994) within the framework of Cognitive Linguistics. Mental spaces are small conceptual packages constructed as we think and talk and used for purposes of local understanding and action. They are typically evoked in communication by so called space-builders. In the present paper, we have tried to show how modals and mood forms act as space builders and create various types of mental spaces to be conceptually integrated or blended into one single mental space. Thus, for example, in the negated assertion, “There is no snake inside the box”, the negator no is a space builder that prompts us to imagine the positive counterpart of a situation. In other words, in understanding the meaning of not anything inside the box, we need to imagine the box being occupied. Thus, the example sentence above expresses a conceptual blend of two mental spaces: the reality space of ‘the box not being occupied’ and the counterfactual space of ‘the box being occupied. In the current paper, we have also made an attempt to briefly describe how multiple modal constructions involve mental spaces and their blending in Sylheti.

The data for this paper has been collected from the native speakers of the language living in the Silchar district of the Barak valley of Assam.

1. Introduction

Mental Spaces are, as said, set up by so called space-builders, e.g. *if-then conditionals* (Dancygier and Sweetser, 1996); *tense* (Fauconnier, 1997); *subjunctive mood* (Fauconnier, 1997); *modals* (Sweetser, 2012) and by some lexical items. To quote Radden and Dirven (2007: 31): “Mental spaces are typically evoked in communication by so-called space-builders. Expressions such as *I*

think and *may*, as in *This may be true*, build a potentiality space, temporal adjuncts such as *last week* or *recently* open a time space, conditional clauses such as *If you were here* create a counterfactual space, etc." Mental Space Theory highlights various roles that a single utterance may come up with, i.e. setting up spaces, introducing participants, providing an internal structure, etc.

Figure 1: "Achilles sees a tortoise."

In Figure 1 (adapted from Fauconnier 1997: 44) below, the sentence "Achilles sees a tortoise" opens up a *Base space* (also called Reality space). A Base space is the space from which the other spaces emerge. It is the space where participants are introduced or grounded. The participants are talked about in the upcoming spaces. In the Base space, *Achilles* and *a tortoise* are represented by *a* and *b*, respectively. Spaces also have internal framings that establish the relationship between participants. In this case, the *see* frame assigns the role of *seer* and *seen* to the participants. We explain below another example taken from Fauconnier (1997): "He thinks that the tortoise is slow."

Figure 2: "He thinks that the tortoise is slow."

In Figure 2, the Base space, where the speaker observes the tortoise walking, opens another space, i.e. a *Belief space*, which is evoked by the space builder *think*, where the tortoise walks slow according to his belief. The two spaces are then conceptually blended into one to be expressed by the sentence "He thinks the tortoise is slow."

2. Modals and creation of mental spaces in Sylheti

In this section, we show how modals in Sylheti as space builders create various types of mental spaces to be blended into one space to be expressed by a sentence expressing a particular type modality. The two basic types of modalities are *root modality* and *epistemic modality*. Root modality involves the world of things and social interaction (e.g. You must come tomorrow) while epistemic modality involves the world of knowledge and reasoning (e.g. *This must be true*).[1]

The two modals present in Sylheti are *ɸar* 'may' and *lag* 'have to/must'. Consider (1) and (2) below, involving epistemic modality:

(1) *ʈai aiʈe ɸare*

ʈai	ai-ʈe	ɸar-e
she	come-NF	may-3P

'She may come.'

(2) *ʈake boiʈa ʈaxʈe ɸare*

ʈak-e	boi-ʈa	ʈax-ʈe	ɸar-e
shelf-LOC	book-CLF	stay- NF	may-3P

'The book may be in the shelf.'

Sylheti uses *ɸar* 'may' to express epistemic modality, precisely, epistemic possibility. In epistemic possibility, the speaker expresses possibility based on evidence and counter evidence. Thus, the modal *ɸar* creates two spaces: one is the base space, the other a possibility space. The sentence in (1) with *ɸar* says that *She* as a participant in the real space has not yet arrived. In other words, the speaker uses the space builder *ɸar* based on increasing evidence and imagines a possible space where she turns up. Thus, (1) expresses a conceptual blending of both spaces. In the same way, the sentence in (2) gives us a blend of a similar occurrence of two spaces.

We now turn to (3) and (4), which involve deontic modality:

[1] About the connection between root and epistemic modality, Sweetser (1990: 50) writes: "We generally use the language of the external world to apply to the internal world, which is metaphorically structured as parallel to the external world. Thus, we view our reasoning processes as being subject to compulsions, obligations, and other modalities, just as our real-world actions are subject to modalities of the same sort". In simple terms, there are metaphorical mappings between the two worlds, i.e. the external and the internal, the latter being developed from the former. The mapping can also be seen if we apply Talmy's *Force Dynamics* (Talmy 2000) to it: our understanding of physical forces (e.g. *The nurse applied pressure to his arm to stop bleeding*) helps us to understand the social forces (*e.g. There is great deal of pressure on young people to conform*). Thus, as shown by Talmy (ibid), modals (e.g. *must*) express both types of force, i.e. social forces (e.g. *You must do this*, which is an order where a socially more powerful person exercises her or his power on someone socially less power), and the force of evidence against the less force of lack of evidence. (e.g. *This must be a poisonous snake*).

(3) *tumi goro zaite lagbo*
tumi goro za-ite lag-bo
you home go-NF have to- FUT
'You have to go home now'.

(4) *ɸora suna xorija boro manus owa lagbo*
ɸora suna xor-ija boro manus owa lag-bo
studies do-NF big man become have to-FUT
'You should study well to prosper in life.'

Sylheti uses *lag* to express deontic obligation. *lag* leads to the creation of a new mental space, i.e. a suggestion space. In example (3), the listener and the speaker both are present in the base space, where the suggestion has been made; on the other hand, the suggestion space refers to the one where the speaker has visualized that the listener has left the present place and is now at his home.

In example (4), the base space has two participants, 'a' and 'b'. 'a' is the one who enjoys the stronger force and 'b' the weaker one. In the base space, 'b' is supposedly a young kid and is advised by 'a' to study well. In this space, 'a' is listening to 'b' but with the space builder *lag* they have got conceptually transferred to another space where 'b', the young lad, has done well in life by studying hard.

It is clear from the discussion above that epistemic modals build possibility spaces that establish a speaker's commitment to a proposition while deontic modals build suggestion spaces that can encode directives thereby distancing a speaker from their proposition.

2.1. Blending of mental spaces through diagrams

As is also clear from the discussion above, modality involve a complex interplay of mental spaces. The integration of two or more spaces into a blended space is technically called *conceptual blending* in the literature (Fauconnier and Turner 2003). In the cognitive linguistics literature the conceptual blending of mental spaces is are often explained with diagrams (see e.g. Evans and Green 2003; Radden and Dirven 2007; Hager 2016).

We explain the conceptual blending involved in the following example from English with the help of such a diagram. Consider (5) below:

(5) *oi barite xeo nai*
oi bari-te xeo nai
that house-loc no one neg
'There is no one in that house.'

When we think of something negative, then it implies that we are consciously or unconsciously aware of its positive counterpart. Thus, (5) above implies that we, in some way or the other, are aware of its positive counterpart, i.e. someone being in the house. We thus have two mental spaces which are conceptually blended in the sentence in (5): the base space of 'no one being in the house' and the counterfactual space of 'someone being in the house'. The situation is illustrated in Fig 3 below:

Figure 3: *oi barite xeo nai* 'There is no one in that house'

Let us consider (6) below, which is an example from Sylheti:

(6) *ei bariʈe bu:ʈ ʈaxʈe ɸare*
ei bari-ʈe bu:ʈ ʈax-ʈe ɸar-e
this house-loc ghost stay-nf can-1p
'There may be a ghost inside this house'.

In the epistemic possibility expressed in (6), the modal *ɸar* is a space builder that prompts us to imagine three mental spaces: a base space in which the speaker found some evidence of the house being haunted (e.g. flickering lights, windows are dark and filled with shadows, weird sounds, etc). Thus, based on the evidence found from the base space, the speaker assumes another mental space where ghosts are present in the house, which we call a positive potentiality mental space; at the same time, because of lack of hundred percent evidence, the speaker assumes yet another mental space where no ghost is present in the house, which we call a negative potentiality mental space (note that because of absence of hundred percent evidence he cannot say, 'There is a ghost in the house'). The information of these three mental spaces is put together into the blended space as shown in Fig 4, representing the epistemic modality expressed by (6) above:

Figure 4: *ei bariʈ bu:t ʈakte ɸare* 'There may be a ghost inside this house'

On the other hand, (7) below with the modal *lag* expresses deontic modality in Sylheti:

(7) *ʈui isxu:le zaiʈe lagbo*
ʈui isxu:l-e za-iʈe lag-bo
you school-loc go-nf have to-fut
'You have to go to school.'

Like epistemic modality, deontic modality invokes a complex interplay of mental spaces. Thus, (7) above involves the following spaces: two base spaces, (a) the general rules of conduct, i.e. children of particular age should go to school, (b) and a given situation where the hearer being a child doesn't go to school; (c) an *assessment space*, i.e. the speaker's assessment of the state of affairs as an infringement of a rule, and (d) *an attitude space*, i.e. the speaker's attitude towards this state of affairs as requiring a strong directive action, i.e. the child going to school. The blending of all these mental spaces contribute to the speaker's decision to express an obligation which he assumes has a high probability of making the hearer perform the demanded act.

Figure 5: ʈui isku:le zaiʈe lagbo 'You have to go to school.'

3. Moods and creation of mental spaces in Sylheti

In this section, we focus on how mood forms in Sylheti build mental spaces. Consider the following examples:

(8) *amare boiʈa xalxe dio*
ami-re boi-ʈa xalxe dio
I-dat book-clf tomorrow give.imp.2p
'Give me the book.'

In the above example, *dio* as a mood form, precisely, the imperative mood form in Sylheti, creates two mental spaces. In the base space, the person is asking for the book; with the imperative *dio* and with the temporal space builder *xalxe* 'tomorrow' he cognitively travels to a potential space where he imagines the listener to carry out the action, i.e. lending him the book the following day.

Now consider (9) below, which is an extended version of (8) with the relative clause zeta *ʈumi* mela-r *ʈika xinsila* 'which you bought from the book fair' added to it:

(9) *amare boiʈa xalxe dio zeta ʈumi melar ʈika xinsilai*

amare	boi-ʈa	xalaxe	di-o
I-dat	book-clf	tomorrow	give-2p.imp

zeta	*ʈumi*	*mela-r*	*ʈika*	*xinsil-ai*
which	you	fair-gen	from	bought-1p

'Give me the book that you bought from the fair.'

In (9) above, *zeʈa* 'that' in the relative clause is another space builder that sets up a new focus space: the speaker now focuses on the addressee buying the book from the book fair rather than he giving it to him. With a sentence like *ami oita forte kʰubei icchuk* 'I am much interested to read it', the speaker with the hearer return to the base space.

4. Multiple modal Constructions

Mental Space Theory provides, as discussed in the preceding sections, a framework for modelling different types of mental spaces that are set up by different sort of modals and moods. We have already discussed epistemic modals creating possibility spaces and deontic modals suggestion spaces. Keeping in mind Hager's (2016) analysis of multiple modal construction we shall examine if Sylheti has this construction. Consider (12) and (13) below:

(12) *ʈumi xamʈa xɔrʈe ɸa-ʈe lag-bo*

ʈumi	xam-ʈa	xɔr-ʈe	ɸar-ʈe	lag-bo
you	work-clf	do-nf	can- nf	haveto-fut

'You have to do this work.

Figure 6: *ʈumi xamʈa xɔrte ɸarte lagbo* 'You have to do this work.'

In (12), there are two modal space builders, i.e. *ɸar* and lag. The base space introduces the participant, *tumi*, 'you' as a. Then, *ɸar* 'can' sets up the possibility space (a') while lag 'must' the subordinate suggestion space (a''). In the suggestion space the compelling force compels the listener to carry out the intended action, i.e. the assigned work has to be done. The utterance is thus understood as a directive but the double modal construction makes it polite vis-as-viz a usual directive.

(13) *tumi xamta xorte lagte ɸare*
tumi xam-ta xor-te lag-te ɸar-e
you work-clf do-nf have to-nf may-2p
'You may have to do the work.'

In this example (13), the base space introduces the participant, tumi 'you' as 'a'. The deontic modal lag is used here in the first place followed by epistemic *ɸar*. The deontic lag (a') builds up a suggestion space and epistemic *ɸar* (a'') a possibility space. The compelling force, b of the possibility space, is somewhat weaker compared to (12) above.

Figure 7: *ʈumi xamʈa xɔrte lagte ɸare* 'You may have to do the work.'

5. Conclusion

What we hope to have shown in the current paper is that modality and mood, as an expression of a potential reality, involve multiple mental spaces of various types and that their blending as expressed by an utterance expresses a particular type of modality or mood. Because of psychic unity of men, all languages can be expected to have a grammatical way to express a potential reality involving mental spaces other than a base space and Sylheti, as we have shown in the paper, is no exception. A potential reality can be expressed with elements other than modals (e.g. the if-conditional); however, this was beyond the scope of the current paper. In addition to our primary focus on mental spaces and their blending in modality and mood in Sylheti, we have observed that how the multiple modality construction can be used to make a directive polite. We hope to make a more detailed and in-depth study of the semantics and grammar involved in modality in Sylheti from the perspective of mental space theory in a separate paper.

References

Evans,V. and Green,M. (2006). Cognitive Linguistics: An Introduction. New York: Routledge.

Fauconnier, G. (1994). Mental Spaces. Cambridge, New York: Cambridge University Press.

Fauconnier, G.and Turner, M. (2003). The Way We Think. New York: MIT Press.

Hager, K. (2016). We might should consider mental space theory: A mental space account of multiple modal constructions. San Francisco State University.

Manzini, M.R. (1994). Sentential Complementation: The Subjunctive. Lexical Selection and Lexical Insertions, ed.by P Coopmans, M. Everaert and J. Grimshaw, LEA: Hillsdale, NJ.

Radden,G., and Dirven, R. (2007). Cognitive English Grammar. Amsterdam, Netherlands: John Benjamins.

Sweetser, E. (1990). From etymology to pragmatics: Metaphorical and cultural aspects of semantic structure. Cambridge, Cambridge University Press.

Talmy, L. (2000). Towards a Cognitive Semantics, Vol I, II. Cambridge, Mass: MIT Press.

Jadavpur Journal of Languages and Linguistics

ISSN: 2581-494X

নবনীতা দেবসেনের কলমে শিশু-কিশোর মনের কথা

বৈশালী রায় চৌধুরী

গভ: ট্রেনিং কলেজ, হুগলি

ARTICLE INFO

Article history:
Received 06/02/2023
Accepted 16/02/2023

Keywords:
নবনীতা দেবসেন,
ছোটগল্প,
শিশু-কিশোর মনস্তত্ত্ব,
ভালবাসা,
নিরাপত্তা,
পরিবার,
সমাজ,
পরিবেশ

সারসংক্ষেপ

সময়ের বহমান ধারায় বাংলা ছোটগল্পে প্রতিবিম্বিত হয়েছে জীবনের টুকরো টুকরো অথচ নিটোল ছবি। জীবন যত জটিল হয়েছে জীবনের সঙ্গে সম্পৃক্ত সমস্যা হয়েছে তত বহুমাত্রিক। ছোটগল্প অত্যন্ত নিপুণভাবে সেই বিভিন্ন মাত্রাগুলিকে চিহ্নিত করেছে। আধুনিক জীবন থেকে ক্রমশঃ হারিয়ে যাচ্ছে অকৃত্রিমতার অনাবৃত অবয়ব। মুখ ঢেকে যাচ্ছে গোপনতার নানা রঙের মুখোশে, সেই মুখোশের আড়াল থেকে সঠিক মুখটি চিহ্নিত করা বড় কঠিন। সম্পর্কের জটিলতা এবং যান্ত্রিকতা, যৌথ পরিবার থেকে অণু পরিবার ও একক পরিবার নতুন নতুন সংকটের মুখোমুখি দাঁড় করায় শিশু-কিশোরকে। সম্পর্কের এই চড়াই-উৎরাই পার হতে হতে শৈশব-কৈশোরের মনস্তত্ত্ব হয়ে ওঠে কখনো সরল, কখনো জটিল। কী চায় আজকের শিশু-কিশোররা, কী পায়না তারা, অথচ কী পাওয়া উচিত ছিল—এই সব প্রশ্নের সহজ উত্তরের স্বচ্ছ প্রতিফলন ঘটে নবনীতা দেবসেনের লেখনীতে। আজকের পৃথিবী যখন আত্মকেন্দ্রিকতা, ভালোবাসাহীনতা, যান্ত্রিকতা দ্বারা অধিকৃত হয়ে যাচ্ছে, তখন নবনীতা দেবসেন আবিলতাহীন এক প্রায় কল্পজগতের সন্ধান দেন পাঠককে। নবনীতা রম্য দেখতে চেয়েছেন, রম্য ভাবতে চেয়েছেন, রম্য শোনাতে চেয়েছেন বলেই তাঁর গল্পের বড়রাও ছোটদের মতই মলিনতামুক্ত, ছোটরাও খুব বেশি জটিল মনস্তত্ত্বের শিকার নয়। তাঁর লেখা কয়েকটি ছোটগল্প—পরীক্ষা, জীবে দয়া, গুনিয়াভাই, বোনটি, দুলালের গল্প, কায়াক অনুসরণ করলে আমরা এই সত্যটি বুঝতে পারি অনায়াসেই। নবনীতা দেবসেনের প্রতিনিধিস্থানীয় এই গল্পগুলি অনুসরণ করলে বোঝা যায় তিনি সবসময়েই ভাল-তে বিশ্বাসী, ভালবাসাতে বিশ্বাসী। নবনীতার ছোটগল্পগুলির আলোচনায় এ কথাও বোঝা যায় নাস্তি-র তুলনায় অস্তি-তে তিনি অধিকতর আস্থা রাখেন। তাঁর গল্পের শিশু-কিশোররা সুস্থ জীবনযাপনের অধিকার চায়, নরম কোমল মনগুলি দিয়ে ভালোবাসা আর নিরাপত্তার অন্বেষণ করে। পরিবারের দিকে এরা বাড়িয়ে দেয় সঙ্গতির বন্ধুতামাখা উষ্ণ হাত—যে হাতগুলি শক্ত হাতে ধরে অভিভাবক, সমাজ, পরিবেশ, প্রতিবেশ তাদের পার করিয়ে দিতে পারে মূল্যবোধের অবক্ষয়, নীতিহীনতার হাতছানি দেওয়া বন্ধুর পথ। প্রবীণ ও নবীন প্রজন্মের যৌথ ইতিবাচক মনন ও যাপনে পৃথিবী হয়ে উঠতে পারে আলোময়, ভালবাসার সুগন্ধময়, ভরসার অভয় বার্তা-মাখা নিরাপত্তাভূমি।

বাংলা সমাজ ও সাহিত্যে উনবিংশ শতকে চমকপ্রদ যে অগ্রগতিগুলি হয়েছে, তার মধ্যে প্রথমদিকেই স্থান করে নেওয়ার দাবি রাখে বাংলা ছোটগল্প। বিংশ শতক পার করে একবিংশ শতকের যদি দৃষ্টি অভিমুখ ঘোরানো হয়, তাহলে দেখা যায় সেই ছোটগল্প ইতিমধ্যেই একটি অত্যন্ত প্রয়োজনীয়, সকল ও স্বয়ংসম্পূর্ণ সাহিত্যমাধ্যম হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছে।

সময়ের বহমান ধারায় বাংলা ছোটগল্পে প্রতিবিম্বিত হয়েছে জীবনের টুকরো টুকরো অথচ নিটোল ছবি। জীবন যত জটিল হয়েছে জীবনের সঙ্গে সম্পৃক্ত সমস্যা হয়েছে তত বহুমাত্রিক। ছোটগল্প অত্যন্ত নিপুণভাবে সেই বিভিন্ন মাত্রাগুলিকে চিহ্নিত করেছে।

আধুনিক জীবন থেকে ক্রমশঃ হারিয়ে যাচ্ছে অকৃত্রিমতার অনাবৃত অবয়ব। মুখ ঢেকে যাচ্ছে গোপনতার নানা রঙের মুখোশে, সেই মুখোশের আড়াল থেকে সঠিক মুখটি চিহ্নিত করা বড় কঠিন। স্ব-পরিচয়ের এই গোপনতা সবথেকে অস্থির, সবথেকে বিভ্রান্ত করে শিশু-কিশোর মনকে। এ এমন এক বয়স যখন পৃথিবী পরতে পরতে তার সামনে মেলে দেয় তার অভ্যন্তরের রূপ, রস, বর্ণ, গন্ধ, নিষ্পাপ শৈশব, অনুসন্ধিৎসু শৈশব-কৈশোর অসীম আগ্রহে ছুঁতে চায় সেই অনাস্বাদিত আনন্দকে। কিন্তু হঠাৎই তারা অনুভব করে তাদের চাওয়া আর পৃথিবীর দেওয়ার মধ্যে আছে এক আড়াল যা আধুনিক সভ্যতার অবদান। অপরিচয়ের এই কালো পরদা সরিয়ে তারা খুঁজতে চায় আত্মজনের প্রিয় মুখগুলিকে। এই অন্বেষণের রাস্তায় চলতে চলতেই তারা অভ্যস্ত হয়ে যায় নিজেকে নিয়ে বাঁচতে, নিজের জন্য বাঁচতে এবং নিজেকেই বাঁচাতে। বড়দের চোখ দিয়ে যখন আমরা নবীন প্রজন্মকে দেখি, তখন আত্মকেন্দ্রিক, দায়বদ্ধতাশূন্য, মূল্যবোধহীন (অথবা আমাদের অজানা অচেনা নতুন মূল্যবোধ-সম্পন্ন) নতুন এক শৈশব-কৈশোর আমাদের বিস্মিত করে দেয়। অদ্ভুত স্ববিরোধ এদের মধ্যে, কখনো কখনো বয়স্কদের অবজ্ঞা অথবা ব্যঙ্গ করার মত বড়, কখনো ছেলেমানুষির ঘেরাটোপে নিজেদের আটকে রেখে বাস্তবের দায়িত্ববোধকে অস্বীকার করার মতো ছোট। আসলে সম্পর্কের জটিলতা এবং যান্ত্রিকতা, যৌথ পরিবার থেকে অণু পরিবার ও একক পরিবার নতুন নতুন সংকটের মুখোমুখি দাঁড় করায় শিশু-কিশোরকে। সম্পর্কের এই চড়াই-উৎরাই পার হতে হতে শৈশব-কৈশোরের মনস্তত্ত্ব হয়ে ওঠে কখনো সরল, কখনো জটিল।

মহাকাব্য যাঁর লেখনীতে সর্বাধুনিক দৃষ্টিভঙ্গিতে উপস্থাপিত হয়, রূপকথা হয়ে যায় আধুনিক জীবনের সোনার কাঠি, জীবনের অন্ধকার কোণগুলিও যাঁর সচেতন আলোকিত দৃষ্টিপাত উজ্জ্বল হয়ে ওঠে, প্রাত্যহিক তুচ্ছতা উত্তীর্ণ হয় সরস রম্যে—সেই মানুষটি নবনীতা দেবসেন। কী চায় আজকের শিশু-কিশোররা, কী পায়না তারা, অথচ কী পাওয়া উচিত ছিল—এই সব প্রশ্নের সহজ উত্তরের স্বচ্ছ প্রতিফলন ঘটে তাঁর বহতা লেখনীতে। আজকের পৃথিবী যখন আত্মকেন্দ্রিকতা, ভালোবাসাহীনতা, যান্ত্রিকতা দ্বারা অধিকৃত হয়ে যাচ্ছে, তখন নবনীতা দেবসেন আবিলতাহীন এক প্রায় কল্পজগতের সন্ধান দেন পাঠককে। নবনীতার নিজের কথায়—

> জীবন, হে জীবন মহারাজ, দয়া করে ফিরে নাও তোমার চালশের এই চশমা, আমি আর স্পষ্ট দেখতে চাই না, আমি শুধু রম্য দেখতে চাই।[১]

এই রম্য দেখতে চেয়েছেন, রম্য ভাবতে চেয়েছেন, রম্য শোনাতে চেয়েছেন বলেই তাঁর গল্পের বড়রাও ছোটদের মতই মলিনতামুক্ত, ছোটরাও খুব বেশি জটিল মনস্তত্ত্বের শিকার নয়।

> নবনীতা দেবসেনের লেখা পড়তে গিয়ে আমাদের লীলা মজুমদারের লেখার কথা বারবার মনে পড়ে। নবনীতা দেবসেন লীলা মজুমদারেরই উত্তরসূরী, তেমনই ঝরঝরে, তেমনই আন্তরিক, তেমনই মুগ্ধ, তেমনই আনন্দময় তাঁর ভাষা, তাঁর জীবনকে দেখা।[২]

তাঁর লেখা কয়েকট ছোটোগল্প অনুসরণ করলে আমরা এই সত্যটি বুঝতে পারি অনায়াসেই—

পরীক্ষা: সমস্ত জীবন মানুষ একের পর এক পরীক্ষা দিয়ে যায়, কখনো স্কুল-কলেজ-ইউনিভার্সিটির পরীক্ষা, কখনো জীবনের পরীক্ষা। কোন মানুষ পড়াশোনায় যতই ডিগ্রি অর্জন করুন না কেন, জীবনের প্রথম বড় পরীক্ষা অর্থাৎ মাধ্যমিক পরীক্ষা প্রত্যেকের জীবনেই হয়তো সবথেকে গুরুত্বপূর্ণ পরীক্ষা, কারণ ছোট্ট স্কুলের গণ্ডি পেরিয়ে অন্য অচেনা ছাত্রছাত্রীদের সঙ্গে প্রতিযোগিতার সমুদ্র পাড়ি দেওয়া শুরু হয় এই সময়ে। কিন্তু নবনীতা তাঁর গল্প ‘পরীক্ষা’-য় এমন এক ছাত্রীর ছবি তুলে ধরেন, যা সত্যিই অভিনব ও অনন্য। কারণ—

> মেয়ে যে কেবলই খেলে বেড়াচ্ছে। হয় আগাথা ক্রিস্টি, নয় ব্যাডমিন্টন নইলে ঘুম। সারাদিন সারারাত ঘুম। পড়বে কখন? কিছু বলতে গেলেই তার দিম্মা বলেন, “আহা, ও বড়ো দুর্বল, ঘুমুতে দে।” ঘুমতে ঘুমতে প্রিটেস্ট হয়ে গেল।[৩]

সৌভাগ্যক্রমে মেয়েটি তথা পিকো এমন একটি পরিবারের অংশীদার, যাদের পারস্পরিক বন্ধনের মধ্যে আছে অগাধ ভালোবাসা নামক একটি অমূল্যরতন। সেইজন্য পরীক্ষার দিনের সকালে পাঠক সম্মুখীন হয় এক অদৃষ্টপূর্ব ঘটনার—

> পরীক্ষার দিন। ভোর চারটেয় উঠেছি, মেয়ে চারটেয় উঠেছে। আমি এখনও দ্রুত উত্তর লিখছি কালকের সাজেস্টেড প্রশ্নের। মেয়ে অলস চোখ বোলাচ্ছে, বোরড মুখে। তুমি কার, কে তোমার। বোনও চারটেয় উঠেছে। কলমে কালি ভরছে, পেন্সিল কাটছে, ইরেজার, রুলার, মোজা, রুমাল এইসব গুছিয়ে রাখছে, জুতো পালিশ করছে, বোতলে জল ভরছে। দিম্মাও চারটেয় উঠেছেন। পরীক্ষার ভাত রেডি হচ্ছে, টিফিন তৈরি হচ্ছে। পোশাক প্রস্তুত। র‍্যাশন কার্ডের খাপ থেকে কার্ড বের করে ফেলে দিয়ে, অ্যাডমিট কার্ড ভরে দিলুম। যাতে ছিঁড়ে না যায়। মেয়ে চান করতে গেল। যেন গায়ে হলুদের সকাল—বাড়িময় এমন তাড়া লেগেছে ভোররাত্তির থেকে। মেয়ের চান হতে হতে মায়েরও চান হয়ে গেল—মেয়ের সঙ্গে সঙ্গে মাও গরম ভাত খেয়ে রেডি—পৌঁছুতে যেতে হবে তো? মায়ের গাড়ি যখন-তখন বিগড়ে যায়, তাই বিশ্বস্ত গাড়ি এসে গেছে অনেকক্ষণ, গাড়িতে আরেক প্রস্ত টিফিন, এবং মামিমা বসে।[৪]

পড়তে পড়তে মনে হয় কোন পরীক্ষার কথা বলা হচ্ছে না—এক ছন্দোবদ্ধ পারিবারিক অনুষ্ঠান চলছে। নবনীতার লেখার এটিই প্রাণ—পারিবারিক টান, ভালোবাসার টান, মায়ার টান, সব মিলিয়ে পারিবারিক সঙ্গতিবিধানের একটি পরিপূর্ণ চিত্র—যা পৃথিবীকে আরো একটু ভালোবাসতে শেখায়।

জীবে দয়া: দুই বোনের জীবসেবা গল্পটির মূল কথা। এই জীবসেবা তারা তাদের মা-র কাছ থেকে উত্তরাধিকারসূত্রে পেয়েছে।

> সাধারণভাবে মানুষ বাড়িতে পোষে সুস্থ উজ্জ্বল গৃহসুন্দর সব পোষ্য কিন্তু আমাদের বাড়ির ব্যাপার-স্যাপার আলাদা। এ-বাড়িতে প্রচণ্ডরকম জীবে দয়ার ট্র্যাডিশন—আমার মেয়েরা অষ্টাবক্র মুনির মতো জীবে দয়ার ট্রেনিং সমেত ভূমিষ্ঠ হয়েছে। তাদের দয়ামায়ার অত্যাচারে বাড়িশুদ্ধু অতিষ্ঠ। কিছু বলতে গেলেই আমার মা বলেন, "বোঝো এখন নিজে আমার কষ্টটা। মা যেমন মেয়েরা তেমনিই হয়েছে।" এর ফল তাদের জীবে দয়া বাধাবন্ধহারা হয়ে আরও দিগ্বিদিকে ধাবিত হয়, দিকের চেয়ে বিদিকেই বেশি।[৫]

শেষ বক্তব্যটি প্রণিধানযোগ্য। দিকের চেয়ে বিদিকে তাদের জীবসেবা ধায়—অসুস্থ পশুপাখির প্রতি দুই বোনের মায়া অসীম। তাই বাড়িতে আনা হয় একটি অসুস্থ ছোট্ট কুকুরছানাকে। কুকুরছানাটি বাড়িতে শুধু আশ্রয়ই পায়না, তাকে পরিষ্কার করা হয়, ওষুধ–ব্যান্ডেজ ইত্যাদি পরিচর্যা করা হয়, ঘণ্টায় ঘণ্টায় দুধ এবং নিউট্রামুল খাওয়ানো হয়, কিন্তু শেষরক্ষা হয় না। সেবা-শুশ্রূষা–যত্ন–ভালোবাসা সবকিছু প্রত্যাখ্যান করে কুকুরছানাটি মারা যায়। গল্প কিন্তু এখানে শেষ হয় না। মৃত কুকুরছানাটিকে এই বাড়ির লোক অনাদরে অবহেলায় পরিত্যাগ করে না। অনেক প্রচেষ্টার পর, অনেক ফোনাফুনির পর কর্পোরেশন থেকে মৃত কুকুরটিকে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা যায়। এটি ঘটনার বিবৃতি, কিন্তু পুরো ঘটনার মধ্যে দিয়ে মা এবং দুই মেয়ের ভালোবাসার মনটি প্রকাশিত হয়—

> "-তোমাদের যত এনার্জি সব জীবজন্তুদের বেলায়—আমি কিছু বললে হাত পা নড়ে না-"
> "-ছি ছি মা, তুমি কুকুরছানাটাকে হিংসে করছো?"
> "-তা করছি। আমি যখন বুড়ো হবো, তখন তোমাদের এই মনগুলো কোথায় চলে যাবে কে জানে?"
> "-দিম্মা তো বুড়ো হয়েছেন। তোমার মনটা কি কোথাও চলে গেছে? এতক্ষণ ফোন করল কে?"[৬]

ওই কন্যাই বড়ো হয়ে মা নবনীতার এক আশ্চর্য ভ্রমণে চলে যাওয়ার পর লেখেন—

> আরে আরে, ওঠো। দেখছো বাবা, শুভবুদ্ধি আর সৎসাহসের ম্যাজিক? এখন নাও, ভালো ভালো চিন্তা করো, আনন্দ করো, সৎ বন্ধুবান্ধব করো, নতুন নতুন বই পড়ো, সবাইকে সম্মান করো, ভালোবাসতে চেষ্টা করো, দুষ্টু লোকদের কথায় কান দিও না।"[৭]

এই শুভবুদ্ধি, এই সর্বপ্রণীতে ভালোবাসা, নিজের আচরণ দিয়ে মেয়েদের মনে দয়া-সেবা-যত্নের প্রদীপটি জ্বালিয়ে রাখাই ছিলো নবনীতার ব্রত, নবনীতার জীবনের সার্থকতা।

গুনিয়াভাই: নবনীতা অস্তিতে বিশ্বাসী, তাই তিনি বিশ্বাস রাখতেন সামাজিক অভিভাবকত্বে। নিজে সেরকম পরিবেশ পেয়েছিলেন বলেই সমস্ত জীবন প্রতিবন্ধকতাকে পার হয়ে গেছেন হাসিমুখে। এই সামাজিক অভিভাবকত্বের কথা বারবার তাঁর লেখায় এসেছে—

> ভিস্তি এসে যত্ন করে রাস্তা ধুইয়ে দিলে তবে যদি সকাল হয়, তাহলে আমাদের পাড়াতে যত্ন করে সন্ধ্যা নামিয়ে আনার ভার কোন প্রতিবেশীটির হতে পারে? সেই মানুষটিও ছিলো। বড়ো অদ্ভুত মানুষ সে, ঘাড়ে একখানা মই নিয়ে ব্যস্ত হয়ে ছুটতো ল্যাম্পপোস্ট থেকে ল্যাম্পপোস্টে, পথের ধারের গ্যাসের বাতিগুলো জ্বালাতে জ্বালাতে, আর ওর সঙ্গে দেখা হওয়া মানেই সন্ধ্যা ফাইনাল। অর্থাৎ সেদিনকার মতো আমার

> খেলার সময় খতম। রাস্তার আলো জ্বলে গেলে আর ছোটোরা বাইরে থাকে না। বাড়ি ফিরে পড়তে বসি। যদি তাও দুষ্টুমি করার জন্যেই বাইরে থাকি, আপন মনে এক্কা দোক্কা খেলি, পথে হেঁটে যেতে যেতে পাড়ার গুরুজনেরা দাঁড়িয়ে পড়ে ধমক দিতেন। এতো দেরিতে রাস্তায় কী করছ? যাও, বাড়ি গিয়ে পড়তে বসো। তিনি আমার পরিচিত মানুষ নাও হতে পারেন, কিন্তু প্রতিবেশী তো বটে। পাড়ার শিশুদের প্রতি তাঁর বুঝি দায়িত্ব নেই?[৮]

এ এক অন্য কালের, অন্য কলকাতার কাহিনী। আজ যখন ভুবনগ্রামের বাসিন্দারা পড়শি কেন, আত্মজনের সম্বন্ধেই উদাসীন—তখন এমন পাড়া, এমন প্রতিবেশী, এমন অভিভাবকদের কেমন কল্পকথার অংশ মনে হয়। অথচ, নবনীতার কাছে এই সম্পর্কগুলো অনায়াস ছিলো। এরকমই একটি ঘটনার উল্লেখ তাঁর লেখায় পাই। এক অনুষ্ঠানে এক ভদ্রলোককে কিছুতেই চিনতে না পেরে, এমনকি তিনি 'সনাতন হিন্দুস্থান পার্কের লোক' একথা শুনেও বুঝতে না পেরে স্বাভাবিকভাবেই প্রশ্ন করেন—

> "তাই? কোন্ বাড়ির ছেলে ভাই তুমি?"
> "আমি গোবিন্দকাকার বাড়ির ছেলে, দিদি"—
> বলবামাত্র এক মুহূর্ত স্তব্ধতা।
> তারপরেই সেই টাই-পরিহিত ভদ্রলোককে বুকে জড়িয়ে ধরি। সে-ছেলে আমার হৃদয়ের মধ্যিখানে আসল ঘণ্টাটাতে ঠিকই ঘা দিয়েছে, যেটা বাজালে বুক জুড়ে তার প্রতিধ্বনি বাজতেই থাকবে। নির্ভুল আন্দাজ। "—সাদা বাড়ির ছেলে তুমি?" তার মুখের হাসিটাও এবার দশগুণ উজ্জ্বল হয়ে উঠেছে। সে তাড়াতাড়ি তার স্ত্রীকে ধরে আনলো। "—বললুম না, দিদি গোবিন্দকাকার নাম বললে ঠিকই চিনতে পারবেন? যতই ভি আই পি হয়ে যাননা কেন? দিদি, এই যে আমার বউ, এই আমার ছেলে।" অর্থাৎ সে ছেলেও একটা গোপন এক্সপেরিমেন্ট চালাচ্ছিল এতক্ষণ আমাকে নিয়ে। "সাদা বাড়ির ছেলে" কিংবা "মিনুর ভাই" না বলে "গোবিন্দকাকার বাড়ির ছেলে" বলে আমাকে পরীক্ষা করা হচ্ছিল আমি এখনও সেই পুরনো "পাড়ার মেয়েটা" আছি কিনা। যাক, মাত্র প্রথমবারেই পাশ।
> এই বউটি হয়তো গোবিন্দকাকাকে চোখে দেখেনি, কিন্তু তাঁর মাহাত্ম্য নিশ্চয়ই শুনেছে। গোবিন্দকাকা, গায়ে ফর্সা পৈতে, ফর্সা গেঞ্জি, ফর্সা ধুতি। কোমরে গোঁজা পানের বটুয়া। কাঁচাপাকা চুলে টিকি, টিকিতে গেরোবাঁধা। সাদা বাড়িতে গোবিন্দকাকা আর আমাদের বাড়িতে আমার গুনিয়াভাই, গুণনিধি।[৯]

গুনিয়াভাই-এর গল্প শুরু হয় এভাবে—

> আমি মানুষ হয়েছি কোন আয়া নয়, গুনিয়াভাইয়ের কোলে। আমাকে অ-আ পড়তেও শিখিয়েছিল সে-ই। বাংলায় নয়, উড়িয়ায়। গুনিয়াভাইই ছিল ছোটদের একমাত্র হিরো। সংসারের গৃহিণী এবং সচিব।[১০]

এখানে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য আছে—

- গুনিয়াভাইয়ের কোলে মানুষ হওয়া
- হাতে খড়ি হওয়া গুনিয়াভাইয়ের কাছেই (যদিও উড়িয়া ভাষায়)

- পাড়ার সব ছোটদের একচ্ছত্র হিরো
- সংসারের গৃহিণী (কর্তা নয়) এবং সচিব

অর্থাৎ গুনিয়াভাই এমন একজন মানুষ, যিনি পরিবারকে মায়া-মমতা দিয়ে রক্ষা করেন আবার প্রকৃত নায়কের মতো পাড়ার সব ছোটদের সমস্যায় পাশে থাকেন।

> মুখুজ্যেদের রাঁধুনির ছেলে মধুর বুদ্ধিটা কম। তার গেঞ্জি–প্যান্ট খুলে নিয়ে তাকে বিছুটির ঝোপে ঠেলে ফেলে গড়াগড়ি দিইয়েছে পাড়ার কয়েকজন ছেলে, কেঁদেই আকুল হচ্ছে বেচারা মধু। শুনেই গুনিয়াভাই ছুটল। যে ক'জন দুষ্টু ছেলে এর পাণ্ডা ছিল, প্রত্যেকের জামা খুলে গায়ে বেশ করে রগড়ে বিছুটি ঘষে দিয়ে এলো।
>
> "নে, দ্যাখ বেটারা একটু নেচে–কুঁদে কেঁদে-ককিয়ে। দ্যাখ, কেমুন লাগে"—
>
> ছেলেদের বাবা-মা-রা রেগে গেলেও, কিছু বলতে পারলেন না, একে তো ছেলেরা দোষ করেছে, তাছাড়া গুনিয়াভাইকে যে কিছু বলা যায় না, কখন যে কার কন দুঃসময়ে কী কাজে লাগবে?[১১]

বাব-মা-রাও গুনিয়াভাইয়ের শাসনের বিরুদ্ধে একটি কথাও বলেন না—এ যেন কোন এক সত্যযুগের কথা। এই অবিশ্বাসের দুঃসময়ে উজ্জ্বল হয়ে দেখা দেন সুস্থ, সুষ্ঠু জীবনদর্শনের পরিপূর্ণ অবয়ব গুনিয়াভাই, এক সরল সুন্দর জীবনের দর্পণ গুনিয়াভাই।

বোনটি: ছোট পরিবার, অণু পরিবারে শিশুরা বড়ো একলা। তাদের মনের কথা বলবার, তাদের মনের কথা বোঝবার, তাদের সঙ্গে কথা বলবার, তাদের কথা শোনবার সঙ্গী পাওয়া কষ্টকর। নবনীতা কিন্তু জানতেন—

> অন্তরঙ্গের জীবনে শিশুদের দু-হাত ভরে দেওয়ার মতন অনেক লুকোনো ঐশ্বর্য এখনও বাকি আছে আমাদের পিছিয়ে থাকা সমাজে, যা বিদেশের ব্যস্ত জীবনের নাগালের বাইরে চলে গিয়েছে। কতদিন বজায় থাকবে জানিনা, তবু তো সুসামঞ্জস্য মানবিক সম্পর্ক আজও বেঁচে আছে আমাদের সাধারণ মানুষদের জীবনে। যত্ন করে রক্ষা না করলে সেগুলিও হয়তো আরও অনেক অমূল্য, সূক্ষ্ম স্পর্শের মতো ফস্কে যাবে বিশ্বায়নের তালগোলে।[১২]

এই লুকোনো ঐশ্বর্য আছে বলেই বাবু কল্পজগতে তার বন্ধু খুঁজে নেয়। তার কল্পসঙ্গীর নাম অনীত। অনীতকে কেউ দেখতে পায়না—শুধু মা জানেন বাবুর মনোজগতে অনীতের অস্তিত্বের কথা, তাঁর সস্নেহ প্রশ্রয়ও থাকে তাতে।

> ছোট্ট বাবু মুঠো ভর্তি টফি নিয়েই অন্য হাতটা বাড়ায় 'অনীতের জন্যে?' ও মুঠোয় টফি ভরতে ভরতে মামু বলেন—'অনীত কে?' শুনে মা আর দিদিভাইয়ে চোখাচোখি হয়। একটু হেসে মা বলেন—'অনীত? অনীত বাবুর বেস্ট ফ্রেন্ড।'[১৩]

আসলে অনীত বাবুর কল্পসঙ্গীও বটে, দ্বিতীয় সত্তাও বটে। বাবু যখন দুষ্টুমি করে, বকুনি খায়, বাবুর মনে বকুনি না খাওয়ার সপক্ষে যে যুক্তিগুলি তৈরি হয়, অনীত সেই কথাগুলিই বলে। দাদু-ঠাকুমার ঘর এবং বিয়ের খাট কখনো হয় গভীর সমুদ্র, কখনো সাহারা, কখনো মহাকাশ—বাবুর কল্পনার রাজ্যে সর্বদাই সঙ্গী অনীত।

বাবু আর অনীতের একান্ত জগতে হঠাৎ প্রবেশ ঘটে 'বোনটি'র।

> বোনকে নিয়ে মা যখন বাড়িতে এলেন, বাবুর আনন্দের শেষ রইল না। ও মা! অ্যাত্তোটুকুনি বোনটি? এ যে একটা ডলপুতুল?[১৪]

বোনটি এসে বাবুর সব মনোযোগ নিয়ে নেয়—

> খাটের খেলা বন্ধ। খাট থেকে লাফানোও বন্ধ। বোন চমকে চমকে ওঠে কিনা। বাবু-অনীত আর খেলতে পারেনা দাদু-ঠাকুমার বিয়ের খাটে। ওদের খেলবার জায়গায় ঠিক মধ্যিখানে দুদিকে দুটো কোলবালিশের পাঁচিল তার মাঝখানে রাজকন্যের মতন শুয়ে আছে তুলতুলে ফুরফুরে বোনটি।[১৫]

আসলে বাবুর নিজস্ব সত্তা আর দ্বিতীয় সত্তার মাঝখানে অস্তিত্বের পাঁচিল তুলে দেয়। খেলার সঙ্গী খুঁজে নেওয়ার মধ্যে লুকিয়ে থাকে যে ভালোবাসার চাহিদা, সেই চাহিদা পূরণ করার জন্যই অনীতকে প্রায় বাস্তব করে তুলতে হয়েছিল বাবুকে। বোনটি এসে সঙ্গীর চাহিদা, ভালোবাসার চাহিদা মিটিয়ে দেয়, তাই অনীতের মতো সহকারী হিসেবে নয়—বোনটির মধ্যে বাবু খুঁজে পায় তার দোসরকে।

বাস্তব যখন শিশুর চাহিদাপুরণ করতে পারে তখন সেই চাহিদাপুরণ হয় অনেক বেশি স্থিতিশীলভাবে। ভাসমান কল্পনার জগত থেকে সেই চাহিদা প্রোথিত হয় বাস্তবের ভূমিতে, ভালোবাসা–সহযোগিতা–সহমর্মিতার পুষ্পেপত্রে বিকশিত হয় সম্পূর্ণ মানুষ হয়ে ওঠা একটি বৃক্ষ।

দুলালের গল্প: গল্পটা দুলালের, গল্পটা বাসনার, গল্পটা আরো অনেকের, সবার সঙ্গে এটা আসলে মানবতার গল্প। দুলাল একটা ছোট ছেলে, রাখাল, মিত্তিরবাড়ির গরু চরায়। অত্যন্ত সৎ, ভদ্র একটি ছেলে, তবুও সবাই তাকে 'দুলাল চোর' বলে ডাকে। এই অন্যায় নামকরণের নেপথ্যে একটি গল্প আছে—

> যখন খুব ছোট ছিল, কী মনে করে একবার গরুর বাঁট থেকে দুধ চুষে খেয়েছিল দুলাল, মিত্তিরদের পুকুরঘাটে তখন বাসন মাজছিল বুড়ো বাসনাদি, সে দেখতে পেয়েই চিৎকার শুরু করে দিলে—'কী চোর ছেলে রে বাবা। গরুর বাঁট থেকে দুধ চুরি করে খাচ্ছে? কী লুভিষ্টি। কী চোর!' সেই শেষ। দুলাল জীবনে তার মায়ের দুধও খায়নি, জন্ম ডীটে গিয়েই তো মা স্বর্গে চলে গেলেন। গরুর দুধ সেই ছোট্ট বয়সে খেয়েছে কিনা মনে নেই। হঠাৎ কী যে খেয়াল হলে, পুকুরধারে মাঠের মধ্যে বাসনাদির সামনেই তো দুলাল মজা করে দুধটা খেয়েছিল। ব্যাপারটা যে এত মন্দ, তা বোঝেনি। চোর কি লোকজন সাক্ষী রেখে চুরি করে? তবু সেই থেকে দুলালের নাম হয়ে গেল 'দুলাল চোর'। ক্রমশঃ 'চোর' শব্দটাকে সঙ্গী করে বাঁচতে অভ্যস্ত হয়ে যায় দুলাল।[১৬]

মিত্তিরবাড়ির মেজছেলের বিয়েতে খুব ধুমধাম। প্রচুর অতিথি-অভ্যাগত এসেছেন। তাঁদের মধ্যে আছেন বিলেতফেরত 'বড়দাবাবুর ভায়রাভাই'—যিনি তাঁর সোনার সিগারেট কৌটোটি হারিয়ে ফেলেন। বাসনাদি রুপোর

থালাভর্তি পান-সিগারেট যেখানে রেখেছিল, সেখানে সেই থালার ওপর নাকি তিনি সোনার কৌটোটি রেখেছিলেন, যেটি বাসনাদিই মাজতে নিয়ে গিয়েছিল। তাঁর মতই বাড়িশুদ্ধু সবাই বিশ্বাস করে ফেলে বাসনাদিই চোর।

> বিয়েবাড়িশুদ্ধু লোক বাসনাদিকে ছি ছি করতে লাগলো, বড়মা বললেন, 'বাসনা, ব্যাপার যাই হোক না কেন, এরপর তোমাকে রাখা চলে না। লোক ভয় পাচ্ছে।' বাসনাদি কাঁদতে কাঁদতে চলে গেল।[১৭]

ঘটনাপ্রবাহে সাধারণভাবে দুলালের প্রতিশোধের একটা সুযোগ ছিল, যার জন্য 'চোর' বদনাম তাকেই চুরির বদনাম নিয়ে বাড়ি থেকে চলে যেতে হলে দুলালের খুশি হবার কথা, কিন্তু –

> দুলালের মনে কষ্ট হলো, যদি বাসনাদি চুরি না করে থাকে? তাহলে মিছিমিছি চোর বদনামের যে কত দুঃখু, তা দুলাল জানে।[১৮]

সোনার সিগারেট কৌটোটি কিন্তু খুঁজে পাওয়া যায়—বড়দাবাবুর ভায়রাভাই মাঠ সারতে গিয়ে সেটি মাঠে ফেলে এসেছিলেন। দুলালই সেটি খুঁজে পায়। বড়মার আদেশে দুলালরা বাসনাদিকে বড়মার কাছে নিয়ে আসে। বড়মা বললেন—

> 'তোমাকে অন্যায় অপবাদ দিয়ে ছাড়িয়ে দিয়েছিলুম বাসনা, মনে দুঃখু নিও না—তুমি আবার আজ থেকে যেমন ছিলে তেমনি থাকবে।' বাসনাদি এবার হঠাৎ দুলালকে বুকে জড়িয়ে ধরে কান্নায় ভেঙে পড়লে।
>
> এ আমারই দোষ মা। আমার অন্যায়ের ফল। ক'দিন ধরেই আমার দুলালের কথা মনে পড়েছে। মা-মরা ছেলেটা একটু দুধের বাঁটে মুখ দেছেলো—সেই থেকে 'দুলাল চোর' নাম চালু হয়ে গেল। ভগবান আমাকে শিক্ষা দিয়ে দিলেন বড়মা। আমার মস্ত অপরাধ হয়েছিল।
>
> দুলালও বাসনাদির বুকের মধ্যে মুখ লুকিয়ে এই ফাঁকে একটু কেঁদে নিলে, এটা অবিশ্যি দুঃখের কান্না নয়, আহ্লাদের।[১৯]

নীরেন্দ্রনাথ চক্রবর্তী নবনীতার সাহিত্য আলোচনা প্রসঙ্গে বলেছেন—

> নবনীতার লেখায় তাঁর প্রবন্ধে ভাবনাচিন্তার খোরাক যে তাই বলে থাকে না, তা কিন্তু নয়। থাকে, যথেষ্টই থাকে। বিশেষ করে সেই সব রচনায়, বয়স্ক পাঠকসমাজ যার লক্ষ্য। তাঁর লেখার চালটা কিন্তু তখনও লঘু, ভঙ্গিও সরস। সেই লঘু চালের সরস ভঙ্গির লেখা পড়তে-পড়তে মাঝে-মাঝেই হাসি ফোটে আমাদের মুখে, আবার হাসতে-হাসতেই যে এক সময় আমরা গম্ভীর হয়ে যাই, তাও ঠিক। চারপাশের জগৎ ও জীবন এবং মানবিক নানা সম্পর্ক নিয়ে আবার নতুন করে ভাবতে বসি।[২০]

'দুলালের গল্প'ও 'বিত্ত' শব্দটির সংজ্ঞা অন্বেষণ করে। যাদের প্রচুর অর্থ আছে, তাঁরাই যে বিত্তবান একথা সাধারণত সমাজ বলে থাকে। মনের দিক থেকে যাঁরা বিত্তশালী, তাঁরাই কিন্তু সমাজে দীর্ঘস্থায়ী অবদান রেখে যান। দুলালও সেই বিরল মানুষদের একজন। দুলালের ভালবাসা-নিরাপত্তার চাহিদাকে সমাজের চোখে ব্যঙ্গের বিষয় করে তোলে

যে বাসনাদি, তার দুঃখেও দুলাল আন্তরিকভাবে দুঃখিত হয়। বাসনাদি ভুল স্বীকার করলে সেই বাসনাদির বুকেই মুখ লুকিয়ে সে কাঁদে। দুলালের সততা, দুলালের ভালবাসা, দুলালের সহমর্মিতা বাসনাদির মধ্যেও সেই দুর্লভ গুণটি জাগিয়ে তোলে—যে গুণটির নাম 'মানবতা'।

কায়াক: 'কায়াক' শব্দটির অর্থ একটি ছোট সরু নৌকো, যেখানে সাধারণত একজন যাত্রী থাকে। এই গল্পের মুখ্য চরিত্র কৌশিকী আমেরিকার একটি বাড়িতে যায়, যার সামনে নদী—সেখানে অনবরত নৌকো চলে। কৌশিকী ভাল করে না জেনেই মা আর শমিতামাসিকে নৌকো সম্বন্ধে তার নিজস্ব ধারণা শোনায়—

> কৌশিকী গম্ভীর মুখে জ্ঞান দিতে লাগল, 'কায়াকে কেবল একজনই যাত্রী থাকে, ব্যস। ক্যানোতে একাধিক থাকতে পারে, কিন্তু চারজনের বেশি নয়, রো-বোটে ছ'জন আটজন মিলে রোয়িং করে।'[২১]

এই 'কায়াক' নৌকোটি তথা 'কায়াক'-এর অনুষঙ্গ এ গল্পে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

কৌশিকী বাবা-মার সঙ্গে কানাডাতে থাকার জন্য ভারত ছেড়ে এসেছে। কানাডা যাওয়ার পথে তাদের আমেরিকায় আসা। আমেরিকার পথঘাট, শৃঙ্খলা, যন্ত্রপাতির ব্যবহার তাকে বিস্মিত করে, মুগ্ধ করে, কিন্তু যেটি তার অপছন্দ তা হল মানুষের জীবনের যান্ত্রিকতা। কৌশিকী এমন একটা দেশ থেকে এসেছে, যেখানে মানুষ এত দ্রুতগতির নয়। সেই দেশের এক বৃদ্ধাশ্রমে কৌশিকীরা রেখে এসেছে ঠাকুমাকে। কৌশিকী তো ছোট, তাই ব্যবস্থাটা সে মেনে নিয়েছে কিন্তু মনে নেয়নি—

> কৌশিকী নিজেই কখনো বোর্ডিঙয়ে থাকেনি, ঠাকুমা তো ননই, ঠাকুমার নাকি সতেরো বছর বয়সে বিয়ে হয়েছিল, এখন উনসত্তর। এতদিন ধরে সারা জীবন ধরে যে বাড়িটাতে ছিলেন সেটাকে ছেড়ে দিয়ে বৃদ্ধদের বোর্ডিঙয়ে চলে যেতে তাঁর নিশ্চয়ই ভালো লাগেনি, কিন্তু ঠাকুমা কিছুই বলেননি। বাবা যা করেছেন সেটাই মেনে নিয়েছেন। বাবাকে যদি কৌশিকী একদিন বৃদ্ধদের আশ্রমে রেখে দিয়ে ভেনেজুয়েলায় চলে যায়?[২২]

এই মন খারাপ করা, এই মন কেমন করা নিয়েই কৌশিকী যায় পাশের বাড়িতে, যেখানে এক শিশুসাহিত্যিক বাস করেন, তাঁর নাম রুথ। খুব অবাক হয়ে দেখে কৌশিকী যে রুথ তাঁর বৃদ্ধ মার সঙ্গে অত্যন্ত রূঢ় ব্যবহার করেন। রুথের মার খুব আদরের মানুষ তাঁর নাতনি, রুথের মেয়ে। সে দিদিমাকে নিজের ছবি পাঠায়, আর একটি লাল খাতা উপহার দেয় নিজের মনের কথা লিখে রাখার জন্য। রুথ কিন্তু সবসময়েই বিরক্ত তাঁর মার ওপর, কারণ তিনি বেশি কথা বলেন। কৌশিকী এই বৈপরীত্যে অবাক হয়ে যায়—

> রুথ বলেছিলেন, মা বড্ড বকবক করেন', আর নাতনি বলে, 'দিদিমার একটাও মনের কথা যেন হারিয়ে না যায়।' কিছুই না বুঝে রুথ লেখেন কী করে?[২৩]

আমেরিকায় গিয়ে কৌশিকী বুঝতে পারে রুথই শুধু তাঁর মাকে একলা হোমে পাঠান না, ভারতে তারাও একই কাজ করে এসেছে –

> হঠাৎ কৌশিকীর মনে হলো, এমন কী আর অন্যরকমের? ঠাকুমা এখন বৃদ্ধাশ্রমে। এমন কিছু আলাদা নয় তো? বাবা মা আর কতবারই বা কানাডা থেকে দেখতে যাবেন ঠাকুমাকে? ওই তো চিঠিই লিখবেন। ফুল নয়, চকোলেট নয়, শুধু চিঠি। পিকচার পোস্টকার্ড। একদিন তার ঠাকুমাও বলবেন অচেনা লোকেদের ডেকে, 'আমার নাতনি সত্যি আমাকে খুব ভালোবাসে, দ্যাখো, কত ছবি পাঠিয়েছে।'[২৪]

সকালে দেখা নৌকোগুলোর যে বর্ণনা দিয়েছিল কৌশিকী, তার সঙ্গে অদ্ভুতভাবে মিলে যায় তাদের পারিবারিক কাঠামো—

> কৌশিকীর মনে হলো, এই যে তারা এখন টুকুদিদিদের বাড়িতে এসে আছে, এটা একটা স্টিমার। কলকাতায় ওরা যে-বাড়িতে থাকত, সেটা ছিল একটা রো-বোট। সেখানে দাদুভাই, ঠাকুমা, বাবা, মা, কৌশিকী, বিন্দুদি ছ'জন। তারপর? এখন? এখন কৌশিকী, মা, বাবা কানাডাতে তিনজনে থাকবে, একটা ক্যানো। আর ঠাকুমা একলা, একটা কায়াক।[২৫]

বর্ণনা শুনে মনে হয় ওই রো-বোটের মত বাড়িটা, যেখানে দাদুভাই, ঠাকুমা, বাবা, মা, কৌশিকী, বিন্দুদি ছ'জন থাকত, সেই বাড়িটার সঙ্গে বড় মিল 'ভাল-বাসা' বাড়ির—

> আমাদের 'ভাল-বাসা' বাড়িতে ঢুকলেই দোরের সামনে যে সুন্দর একটি বেয়াড়া মতো বড়োসড়ো, পালিশ করা কাঠের ডাকবাক্স আছে, আমার বাবার নিজস্ব ডিজাইনে তৈরি, তাতে তিনটি নাম আছে, নরেন্দ্র দেব, রাধারানি দেবী আর নবনীতা দেব, নামের পাশে একটা করে ছক কাটা, 'আছে'। 'নাই' করার কথাটা মনেই থাকত না তাঁর।
>
> কিন্তু বাবা চলে যাওয়ার পরে একদিন মায়ের মনে পড়েছিল বাবার সখের 'আছে' 'নাই' লেখা ডাকবাক্সটার কথা। একদিন কোথা থেকে ফিরছিলুম আমরা, মা আর আমি। বাড়িতে ঢুকেই মায়ের হঠাৎ চোখে পড়ল, ডাকবাক্সে লেখা, নরেন্দ্র দেব—'নাই'। মা এগিয়ে গিয়ে সম্ভবত এই প্রথমবার নিজের হাতে ছকটি পাল্টে দিলেন, লিখিত হল, 'আছে', মা বললেন, 'এটা এইরকমই থাকবে'।
>
> মা এ বাড়ি ছেড়ে যাওয়ার পরে আমিও মায়ের শেখানো পথে 'ভাল-বাসা' বাড়ির অভ্যর্থনাপটে নরেন্দ্র দেবের মতো রাধারানি দেবীর পাশেও 'আছে' ছকটি রেখেছি।[২৬]

কৌশিকীও একইভাবে ঠাকুমার পাশে 'আছে' শব্দটাই মনের গভীরে বহন করে—

> কৌশিকী থাকবে না। যেই বড় হয়ে যাবে, একা-একা বাঁচতে পারার মতো বড়, তক্ষুণি দেশে ফিরে যাবে কৌশিকী। ঠাকুমাকে নিয়ে নিজে নিজে একটা বাড়িতে থাকবে।[২৭]

নীতি, যুক্তি, ভালবাসা, পারিবারিক একাত্মতাবোধ তার বিবেককে সদা সক্রিয় ও জাগ্রত রাখে। নবনীতা দেবসেনের প্রতিনিধিস্থানীয় এই গল্পগুলি অনুসরণ করলে বোঝা যায় তিনি সবসময়েই ভাল-তে বিশ্বাসী, ভালবাসাতে বিশ্বাসী।

> সত্যিই তো, এই শব্দময়, শব্দসর্বস্ব জীবনে যা আমাকে ধরে রাখে, যা আমাকে গেঁথে রেখে দেয়—কী সেই মূল শব্দ? —না, বয়েস এসে বাগড়া দিল না, জ্ঞানগম্যি, বুদ্ধিযুক্তি এসে দাঁড়ালো না পথ জুড়ে। কুড়ি বছর বয়েসের সেই বোধ অবিকল উঠে এসে উত্তর দিয়ে দেয়। কিন্তু সেই উচ্চারণ বাজুক শুধু নিজেরই কানে কানে, গুণ গুণ করে যেন দ্বিতীয় কানটি শুনতে না পায়, তাতেও নষ্ট হয়ে যাবে ওর জাদুঃ বোধ বলে; 'তোমার জীবনের শেষতম শব্দটি হোক—ভালোবাসা!' ও, ভালোবাসার কাছে যাবে? বেশ তো, নিজের বুকের মধ্যে যাও। যাও তৃণগুল্মের কাছে। নদী-বৃক্ষের কাছে। গৃহপালিত প্রাণীটির শান্ত চোখের কাছে যাও। এরা বলবে না, 'ভালোবাসি'; বলবে না, 'আমি তোমার'। কিন্তু ভালোবাসা পেলে, শুধু তোমারই নিজস্ব হয়ে যাবে।[২৮]

নবনীতা দেবসেনের ছোটগল্পে মূলত ইতিবাচক সরসতা থাকে, শিশু কিশোর চরিত্রগুলিও তার ব্যতিক্রম নয়। তাদের অনুভূতি নিয়ে একট পাইচিত্র অঙ্কন করা যেতে পারে—

নবনীতার ছোটগল্পগুলির আলোচনায় এ কথা স্পষ্টই বোঝা যায় নাস্তি-র তুলনায় অস্তি-তে তিনি অধিকতর আস্থা রাখেন। তাঁর গল্পের শিশু-কিশোররা সুস্থ জীবনযাপনের অধিকার চায়, নরম কোমল মনগুলি দিয়ে ভালোবাসা আর নিরাপত্তার অন্বেষণ করে। পরিবারের দিকে এরা বাড়িয়ে দেয় সঙ্গতির বন্ধুতামাখা উষ্ণ হাত—যে হাতগুলি শক্ত হাতে ধরে অভিভাবক, সমাজ, পরিবেশ, প্রতিবেশ তাদের পার করিয়ে দিতে পারে মূল্যবোধের অবক্ষয়, নীতিহীনতার হাতছানি দেওয়া বন্ধুর পথ। প্রবীণ ও নবীন প্রজন্মের যৌথ ইতিবাচক মনন ও যাপনে পৃথিবী হয়ে উঠতে পারে আলোময়, ভালবাসার সুগন্ধময়, ভরসার অভয় বার্তা-মাখা নিরাপত্তাভূমি।

সূত্রনির্দেশ:

১। নবনীতা দেবসেন, শব্দ পড়ে টাপুর টুপুর, শব্দ পড়ে টাপুর টুপুর, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, জানুয়ারি ১৯৯৫, পৃষ্ঠা: ৯

২। ভাস্বতী রায়চৌধুরী, মানুষ, নিসর্গ, পথ, ভালোবাসা—নবনীতা দেবসেনের তিনটি ভ্রমণকাহিনি, একান্তরে নবনীতা (সম্পাদক: অরূপ আচার্য), একান্তর প্রকাশন, কলকাতা, নভেম্বর ২০১৮, পৃষ্ঠা: ২১

৩। নবনীতা দেবসেন, পরীক্ষা, গল্পগুজব, গল্পসমগ্র ১, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ এপ্রিল ১৯৯৬, পঞ্চম সংস্করণ জুলাই ২০১৩, পৃষ্ঠা-১৫৭

৪। নবনীতা দেবসেন, পরীক্ষা, গল্পগুজব, গল্পসমগ্র ১, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ এপ্রিল ১৯৯৬, পঞ্চম সংস্করণ জুলাই ২০১৩, পৃষ্ঠা: ৬৩

৫। নবনীতা দেবসেন, জীবে দয়া, গল্পগুজব, গল্পসমগ্র ১, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ এপ্রিল ১৯৯৬, পঞ্চম সংস্করণ জুলাই ২০১৩, পৃষ্ঠা: ১৬৬

৬। তদেব, পৃষ্ঠা: ১৭৬

৭। অন্তরা দেবসেন, রাজকন্যের পরশমণি, সন্দেশ (সম্পাদকঃ সন্দীপ রায়), কলকাতা, জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২০, পৃষ্ঠা: ৮৯

৮। নবনীতা দেবসেন, ভালোবাসার পাড়াপড়শি, ভালোবাসার বারান্দা, দে'জ পাবলিশিং, কলকাতা, জানুয়ারি ২০১০, পৃষ্ঠা: ৬৭

৯। নবনীতা দেবসেন, আমার গার্জেনরা, ঘুলঘুলি, ক্যাম্প, কলকাতা, বইমেলা ২০০০, পৃষ্ঠা: ৪১-৪২

১০। নবনীতা দেবসেন, গুনিয়াভাই, গল্পসমগ্র ২, দে'জ পাবলিশিং, কলকাতা, প্রথম প্রকাশ বইমেলা, জানুয়ারি ১৯৯৭, দ্বিতীয় সংস্করণ এপ্রিল ২০০০, পৃষ্ঠা: ১৫৭

১১। তদেব, পৃষ্ঠা: ১৬০

১২। নবনীতা দেবসেন, দেশে ফেরা, জুলাই ২০, ২০০৭, নবনীতার নোটবই, দে'জ পাবলিশিং, কলকাতা, এপ্রিল ২০০৫, পৃষ্ঠা: ১৯ (প্রথম প্রকাশ—সন্দেশ)

১৩। নবনীতা দেবসেন, বোনটি, গল্পসমগ্র ৪, দে'জ পাবলিশিং, কলকাতা, এপ্রিল ২০০৫, পৃষ্ঠা: ১১ (প্রথম প্রকাশ—সন্দেশ, বৈশাখ ১৩৮৪)

১৪। তদেব, পৃষ্ঠা: ১৫

১৫। তদেব, পৃষ্ঠা: ১৫

১৬। নবনীতা দেবসেন, দুলালের গল্প, গল্পসমগ্র ৪, দে'জ পাবলিশিং, কলকাতা, এপ্রিল ২০০৫, পৃষ্ঠা: ৪০ (প্রথম প্রকাশ—শারদীয়া শুকতারা, ১৩৯৫)

১৭। তদেব, পৃষ্ঠা: ৪৭

১৮। তদেব, পৃষ্ঠা: ৪৭

১৯। তদেব, পৃষ্ঠা: ৪৯

২০। নীরেন্দ্রনাথ চক্রবর্তী, আমাদের শিশুসাহিত্য ও নবনীতা, ভূমিকা, ছোটোদের গল্পসমগ্র, প্রথম সম্ভার, নবনীতা দেবসেন, সূর্য পাবলিশার্স, কলকাতা, বইমেলা ১৪১১

২১। নবনীতা দেবসেন, কায়াক, গল্পসমগ্র ৪, দে'জ পাবলিশিং, কলকাতা, এপ্রিল ২০০৫, পৃষ্ঠা: ৫০ (প্রথম প্রকাশ—শারদীয়া আনন্দমেলা, ১৪০১)

২২। তদেব, পৃষ্ঠা: ৫৫

২৩। তদেব, পৃষ্ঠা: ৫৮

২৪। তদেব, পৃষ্ঠা: ৫৯

২৫। তদেব, পৃষ্ঠা: ৫৯

২৬। নবনীতা দেবসেন, আমার উনিশে এপ্রিল, স্বজনসকাশে, লালমাটি, সইমেলা ২০১৫, কলকাতা, পৃষ্ঠা: ২০

২৭। নবনীতা দেবসেন, কায়াক, গল্পসমগ্র ৪, দে'জ পাবলিশিং, কলকাতা, এপ্রিল ২০০৫, পৃষ্ঠা: ৫৯ (প্রথম প্রকাশ—শারদীয়া আনন্দমেলা, ১৪০১)

২৮। নবনীতা দেবসেন, শব্দ পড়ে টাপুর টুপুর, শব্দ পড়ে টাপুর টুপুর, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, জানুয়ারি ১৯৯৫, পৃষ্ঠা: ২৬

Jadavpur Journal of Languages and Linguistics

ISSN: 2581-494X

বাংলা বাগধারায় ক্রিয়ার ভূমিকা

শংকর রাম বর্মন

যাদবপুর বিশ্ববিদ্যালয়

ARTICLE INFO

Article history:
Received 06/10/2022
Accepted 28/03/2023

Keywords:
বাগধারা,
বিশিষ্টার্থক শব্দ,
ক্রিয়া পদগুচ্ছ,
বাক্যাংশ,
পদক্রম,
কারক সম্পর্ক

ABSTRACT

মানুষ প্রতিনিয়ত ভাষাকে সুন্দর করে প্রকাশ করতে চায়, অলংকৃত করতে চায়। বাগধারা হল ভাষার এমনই এক বিশেষ বাগভঙ্গি যা ভাষার অলঙ্কার বিশেষ। সহজ সরল ভাষায় চেনা শব্দবন্ধের দ্বারা লক্ষ্যার্থ অর্জন করতে চায়। বাগধারা হল ভাষার সেই সংগঠন যেখানে উপাদানগুলি মিলিত হয়ে অভিধার্থ ছাড়িয়ে একটি বিশেষ অর্থে প্রকাশিত হয়। বাংলা বাগধারার গঠন বিন্যাস বিশ্লেষণ করলে দেখা যাবে প্রধানত দুই ধরনের সংগঠন রয়েছে—পদগুচ্ছ (phrase) এবং বাক্য বা বাক্যাংশ (clause) জাত। পদগুচ্ছ মূলত দু'ধরনের—ক্রিয়া পদগুচ্ছ এবং বিশেষ্য পদগুচ্ছ। যে উপাদানগুলির দ্বারা বাগধারা গঠিত হয় তা বাগধারাগত একক (idiomatic unit) হিসাবে বিবেচিত এবং একটি নির্দিষ্ট পদক্রমে উপাদানগুলি সাজানো থাকে। বর্তমান গবেষণা নিবন্ধের বিষয় ক্রিয়া পদগুচ্ছ এবং বাক্যাংশ সংগঠনের বাংলা বাগধারাগুলিকে বিশ্লেষণ করা। যেখানে ক্রিয়ার অবস্থান এবং গঠনগত ও ব্যাকরণগত তাৎপর্য কীরূপ তা দেখা। ক্রিয়া পদগুচ্ছের বাগধারায় ক্রিয়ার অর্থই প্রধান হয় এবং ক্রিয়ার সঙ্গে অন্যান্য পদের কারক সম্পর্ক বজায় থাকে। নির্দিষ্ট পদক্রম অনুযায়ী ক্রিয়া পদগুচ্ছের বাগধারার সংগঠন ও তাদের আভ্যন্তরীণ কারক সম্পর্ক বিশ্লেষণ করা হবে।

১. ভূমিকা

ভাষা উদ্ভবের পর থেকে মানুষ প্রতিনিয়ত ভাষাকে সুন্দর করে তুলতে চেয়েছে। তার ফলে দেশে দেশে কালে কালে সৃষ্টি হয়েছে কাব্য-সাহিত্য। শুধু কাব্য-সাহিত্য নয়, প্রাত্যহিক কথাবার্তার ভাষাকেও সুমধুর ও সরস ভঙ্গিমায় প্রকাশ করতে সতত সচেষ্ট। সেজন্য তাকে বিশেষ কিছু কৌশল অবলম্বন করতে হয়। ভাষাকে সাহিত্য-গুণান্বিত তথা রসোত্তীর্ণ করে তোলার জন্য কবি-সাহিত্যিকরা ছন্দ, অলঙ্কার, শৈলী প্রভৃতির ব্যবহার করে থাকেন। এর পাশাপাশি ব্যবহৃত হয় বাগধারা। বাগধারা হল এমন এক ভাষাভঙ্গি যা সাহিত্য তথা দৈনন্দিন আলাপচারিতার ভাষাকে করে তোলে সরস ও আকর্ষণীয়; এক ধরনের প্রমুখনও বলা যায়। সব ভাষারই নিজস্ব কিছু বৈশিষ্ট্য থাকে, ভাব প্রকাশের জন্য রয়েছে বিশেষ বিশেষ ভঙ্গি। বাগধারাও হল ভাষার এক বিশেষ বাগভঙ্গি, এক অর্থে কথা বলার বিশেষ ঢং বা রীতি যা ভাষার অলঙ্কার বিশেষ।

বাগধারাকে বলা হয় বিশিষ্টার্থক শব্দগুচ্ছ যা ইংরেজিতে ইডিয়ম (idiom) নামে পরিচিত। Idiom শব্দটি এসেছে গ্রীক শব্দ 'Idioma' থেকে। যার অর্থ—'a pecularity'। ইংরেজিতে যার অর্থ—"The form of speech peculiar or proper to a people or country; own language or tongue."[i] বাগধারা হল ভাষার এমন এক সংগঠন যেখানে তার উপাদানগুলি (দুই বা ততোধিক শব্দ বা পদ) মিলিত হয়ে আভিধানিক অর্থ ছাড়িয়ে সম্পূর্ণ ভিন্ন নতুন একটি বিশেষ অর্থ প্রকাশ করে; উপাদানগুলির আভিধানিক অর্থের মধ্যে যার কোনো সন্ধান পাওয়া যায় না। অভিধা ছাড়িয়ে লক্ষণা ও ব্যঞ্জনা সৃষ্টি করে বাক্যের পরিসরে। তবেই আকাঙ্ক্ষিত ভাবের পূর্ণতা পায়। যেমন—ইংরেজির একটি বহুল প্রচলিত বাগধারা to kick the bucket—মারা যাওয়া। এখানে 'kick' এবং 'bucket'-এর আভিধানিক অর্থে কোথাও মৃত্যুর প্রসঙ্গ পাওয়া যাবে না। তেমনি বাংলায় 'পটল তোলা'-র 'পটল' এবং 'তোলা'-র বাচ্যার্থে পাওয়া যাবে না মৃত্যুর প্রসঙ্গ। বাগধারা প্রসঙ্গে আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় বলেছেন—

> প্রত্যেক ভাষাতেই ভাব প্রকাশের জন্য কতগুলি বিশেষ ভঙ্গী আছে। ইহাকে বলে বাগধারা বা বাগভঙ্গী। এই ভঙ্গী শিখিবার কোন নিয়ম বা বিধান নাই, শ্রেষ্ঠ সাহিত্যিকগণের রচনা হইতে প্রয়োগ দেখিয়া এই সকল ভঙ্গী বা রীতি শিখিতে হয়।[ii]

পৃথিবীর প্রায় সকল দেশে সকল কালে বাগধারার প্রচলন দেখা যায়। ঠিক কবে কীভাবে বাগধারার উদ্ভব তা বলা মুশকিল। উৎপত্তি যখনই হোক না কেন, মানুষের অভিজ্ঞতা, জ্ঞান, আবেগ-অনুভূতি স্বতঃ উৎসারিত হয়ে সহজ-সরল ভাষায় সুন্দর করে প্রকাশ করার প্রবণতা থেকেই বাগধারার সৃষ্টি। যা চেনা শব্দবন্ধের দ্বারা লক্ষ্যার্থে পৌঁছানোর চেষ্টা। যার স্রষ্টা সাধারণ মানুষ। তার যা অলংকৃত করার ক্ষমতা তা প্রয়োগ করেই সে দৈনন্দিন জীবনের ভাষাকে মধুর করে প্রকাশ করতে চেয়েছে। তাই চলতি ভাষাতেই অধিকাংশ বাগধারা পাওয়া যায়। ধীরে ধীরে তা বৃহত্তর সমাজে গৃহীত হয়। পাশাপাশি সাহিত্যিকরা তাদের সাহিত্য রচনায় ব্যবহার করেন। বাগধারা বা বাগভঙ্গি ছাড়াও বাকচাল, বাগবিধি প্রভৃতি প্রতিশব্দ পাওয়া যায়। যাঁরা বাগভঙ্গি বলতে চান তাঁদের মতে 'ভঙ্গি'-র মধ্যে বিন্যাস কৌশলের ভিতর দিয়ে অর্থবৈশিষ্ট্যেরও কিছুটা ইঙ্গিত দেয়। অন্যদিকে 'চাল' কথাটির মধ্যে প্রয়োগ কৌশল ছাড়াও বহমানতার ভাবটিও প্রকাশিত। বাগধারা সম্পর্কে শুদ্ধসত্ত্ব বসু বলেছেন—

> ভাষার মূল বক্তব্য বাচ্যার্থের ওপরই নির্ভরশীল, কিন্তু শুধু যদি বাচ্যার্থের ওপর ভিত্তি করে ভাষার সৌধ গড়ে তোলা যায় তবে রস বিতরণের দিক থেকে সে প্রাসাদ খুব উঁচু হবে না, তা বলাই বাহুল্য। বক্তা বা লেখক শুধুমাত্র বাচ্যার্থের যষ্টি ভর করে সাহিত্যের রাজ্যে বিচরণ করেন না, তাঁরা তাঁদের বক্তব্যকে নানা রকমের ভাব সংকেতের দ্বারা উপস্থিত করে থাকেন। পরিপার্শ্ব বিচার করে আগের ঘটনার ওপর সংযোগ রেখে শ্রোতা বা পাঠক সহজে বুঝতে পারেন ভেবেই বক্তা বা লেখক ভাব সংকেত করেন। তার মধ্যে বাচ্যার্থের চেয়েও বড় আরো কোনো অর্থ বা ব্যঞ্জনা ধ্বনিত হয়ে থাকে। বাক্যের এই বিশিষ্ট অর্থ—যা বাচ্যার্থকে ছাড়িয়ে ব্যঞ্জিত তথা ইংগিতময় হয়ে প্রকাশিত হয়—তারই নাম ইডিয়ম। ইডিয়মেরও আবার এক নির্দিষ্ট অর্থকে দ্যোতিত করা ছাড়া অন্য কোন ক্ষমতা নেই। যেটির অর্থ বোঝার ক্ষমতা আছে

[i] The Oxford English Dictionary, Oxford English Press, Vol 5, 1978, pp. 21

[ii] সুনীতিকুমার চট্টোপাধ্যায়, সরল ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ, বেঙ্গল পাবলিশার্স, কলকাতা, ১৯৬১, পৃ. ৩৩৪

> সেটিকে তাই বোঝানোর কাজে লাগাতে হবে, নচেৎ ইডিয়মটি পংগু হবে, মনোভাব প্রকাশের নদীতে আদৌ পাড়ি জমাতে পারবে না।[iii]

২. প্রবাদ ও বাগধারার পার্থক্য

বাগধারাকে আবার প্রবাদমূলক বা প্রবাদধর্মী বাক্যাংশ (proverbial phrase)-ও বলা হয়ে থাকে। তবে প্রবাদ ও বাগধারার মধ্যে ফারাক রয়েছে। প্রবাদের সংগঠনে থাকে মিল যুক্ত কবিতার বয়ানে এক বা একাধিক পূর্ণ বাক্য, যার মধ্য দিয়ে পূর্ণাঙ্গ ভাব প্রকাশিত হয়। অন্যদিকে বাগধারার সংগঠনে এক ধরনের phrase বা পদবন্ধের চেহারা পাওয়া যায়। যার একটি বিশেষ অর্থ থাকলেও বাক্যে ব্যবহৃত হলেই ভাবের পূর্ণতা পায়। ড. আশুতোষ ভট্টাচার্য প্রবাদ ও বাগধারার পার্থক্য বিশ্লেষণ করতে গিয়ে বলেছেন—

> প্রবাদ একটি সম্পূর্ণ ভাব-প্রকাশক পূর্ণ বাক্য কিংবা পদ—ইহার কর্তা, কর্ম, সমাপিকা ক্রিয়া সবই থাকা আবশ্যক, তবে অনেক সময় পদ-রচনার অনুরোধে ইহারা উহ্য থাকিতে পারে, কিন্তু তাহাতেও ইহাদের পরিপূর্ণ একটি ভাব-প্রকাশে কোন বাধা হইতে পারে না। যেমন, 'আদা শুকালেও ঝাল যায় না।' ইহা একটি পূর্ণাঙ্গ বাক্য এবং একটি পরিপূর্ণ ভাব-প্রকাশক; সুতরাং ইহা একটি প্রবাদ।
>
> কিন্তু 'আদায় কাঁচকলায়' ইহা একটি পরিপূর্ণ বাক্য নহে, ইহার মধ্যে কোনও ক্রিয়াপদ নাই, ইহার ভাবটিও সম্পূর্ণ নহে। সুতরাং ইহাকে প্রবাদ বলিয়া গ্রহণ করা যায় না, ইহা একটি বাংলা বিশিষ্টার্থক শব্দগুচ্ছ বা 'ইডিয়ম্'। তেমনই 'আদুরে বউ নেংটা হয়ে নাচে' একটি প্রবাদ; কিন্তু 'আদুরে গোপাল' একটি ইডিয়ম্। প্রথমটির মধ্যে একটি কর্তৃকারক এবং একটি সমাপিকা ক্রিয়াও আছে, সুতরাং একটি পরিপূর্ণ ভাব প্রকাশের জন্য যাহা প্রয়োজন, সবই তাহার আছে; কিন্তু দ্বিতীয় উদ্ধৃতিটির তাহা নাই। 'আদুরে গোপাল' শব্দ দুইটি দিয়া একটি পরিপূর্ণ ভাব প্রকাশ পাইল না, একটি অসম্পূর্ণ চিত্র প্রকাশ পাইল মাত্র। যদি বলি 'আদুরে গোপাল রসাতলে যায়' তবেই একটি ভাব পরিপূর্ণভাবে প্রকাশ পায়।[iv]

ড. ভট্টাচার্য যথার্থভাবেই প্রবাদ ও বাগধারার পার্থক্য বিশ্লেষণ করতে গিয়ে 'আদায় কাঁচলায়' এবং 'আদুরে গোপাল' বাগধারা দুটির কথা বলেছন যেখানে ক্রিয়াপদ নেই এবং পরিপূর্ণ ভাব প্রকাশিত হয়নি। যেগুলিকে বিশেষ্য পদগুচ্ছের (noun phrase) সংগঠন বলা যায়। স্মরণে রাখা ভালো, ভাষায় শব্দ নিজে নিজে একটা অর্থের ধারণা দেয়। তবে তার অর্থের সীমানা স্থির নয়। কারণ বাক্যের অন্যান্য পদের সঙ্গে সংগতি রেখে শব্দের অর্থ নির্ধারিত হয়। 'আদায় কাঁচলায়' এবং 'আদুরে গোপাল'-ও তাই। তবে এই সংগঠনের বাইরে অজস্র ক্রিয়া পদগুচ্ছের (verb phrase) বাগধারা আছে যেখানে ক্রিয়া রয়েছে। যেমন—'কলা দেখানো', 'মাথা ঘামানো' প্রভৃতি বাগধারার প্রত্যেকটিতে ক্রিয়া ('দেখা', 'ঘামা') রয়েছে। তবে ক্রিয়াগুলি এখানে বাক্যের ক্রিয়াপদ হিসাবে নেই। এটি অন্য একটি বাক্যের ক্রিয়া পদগুচ্ছ জাত ক্রিয়াজাত বিশেষ্য পদগুচ্ছ হিসাবে থাকে। ক্রিয়াগুলি বিভিন্ন ভূমিকায় থাকে যা একটি বাক্যের গঠনগত উপকরণ (syntactic constituent)। বাক্য নিরপেক্ষ ক্রিয়াযুক্ত সংগঠনের বাগধারায় থাকা ক্রিয়াগুলি হয় অসমাপিকা ক্রিয়া যেগুলি ক্রিয়াবাচক বিশেষ্যপদ (gerundive), ক্রিয়াজাত বিশেষণ

[iii] শুদ্ধসত্ত্ব বসু, বাংলা ভাষার ভূমিকা, সুপ্রকাশ, কলকাতা, ১৩৭২ ব, পৃ. ২৪৬

[iv] আশুতোষ ভট্টাচার্য, 'বাংলার লোকসাহিত্য: ষষ্ঠ খণ্ড—প্রবাদ', প্রথম সং, এ মুখার্জী অ্যাণ্ড কোং লিঃ, কলকাতা, ১৯৭২, পৃ. ৩২

(participle) অথবা অসমাপিকা ক্রিয়াপদ (non-finite verb) হিসাবে থাকে। বাক্যে প্রয়োগের সময় সেগুলি ক্রিয়াবাচক বিশেষ্য, ক্রিয়াজাত বিশেষণ অথবা সমাপিকা বা অসমাপিকা ক্রিয়াপদ হিসাবে ব্যবহৃত হতে পারে। এই কারণে আমাদের মনে হয়, ড. ভট্টাচার্য সম্ভবত ক্রিয়াপদ বলতে সমাপিকা ক্রিয়াপদের কথা বলতে চেয়েছেন যা বাক্য নিরপেক্ষ বাগধারায় থাকে না। বাক্যে প্রয়োগ হলেই সমাপিকা ক্রিয়ারূপে ব্যবহৃত হবার সম্ভাবনা থাকে। বর্তমান গবেষণা নিবন্ধের বিষয় ক্রিয়াযুক্ত পদগুচ্ছ এবং বাক্যাংশ সংগঠনের বাংলা বাগধারাগুলিকে বিশ্লেষণ করা। যেখানে ক্রিয়ার অবস্থান এবং গঠনগত ও ব্যাকরণগত তাৎপর্য কীরূপ তা দেখা।

৩. বাগধারার গঠন

রেখাচিত্র ১: বাগধারার গঠন

বাগধারার আভ্যন্তরীণ সংগঠন বিশ্লেষণ করলে দেখা যাবে বাংলা বাগধারায় প্রধানত দুই ধরনের সংগঠন রয়েছে—পদগুচ্ছ (phrase) এবং বাক্য বা বাক্যাংশ (clause) জাত। পদগুচ্ছ মূলত দু'ধরনের—ক্রিয়া পদগুচ্ছ এবং বিশেষ্য পদগুচ্ছ। যে বাগধারাগুলির শেষে বা কেন্দ্রে থাকে একটি বিশেষ্যপদ সেগুলিকে বিশেষ্যগুচ্ছের বাগধারা নির্দেশ করে। যেমন—ধোয়া তুলসীপাতা, ঠুঁটো জগন্নাথ ইত্যাদি। এই দুটি উদাহরণের প্রথম উপাদান 'ধোয়া' এবং 'ঠুঁটো' হল বিশেষণ আর পরের উপাদান 'তুলসীপাতা' এবং 'জগন্নাথ' হল বিশেষ্য যা কেন্দ্রে রয়েছে। তাই বাগধারা দুটিতে রয়েছে বিশেষ্যগুচ্ছের গঠন। যেগুলিকে endocentric construction বলা হয়। অপরদিকে যে বাগধারাগুলির শেষে বা কেন্দ্রে অন্তত একটি ক্রিয়াপদ থাকে সেগুলি ক্রিয়াগুচ্ছের আওতাভুক্ত। যেমন—কান ভাঙানো, হাত নিশপিশ করা ইত্যাদি। প্রথম উদাহরণে 'কান' হল বিশেষ্য এবং 'ভাঙানো' হল ক্রিয়াপদ। দ্বিতীয় উদাহরণে 'হাত' হল বিশেষ্য, 'নিশপিশ' ধ্বন্যাত্মক শব্দ এবং 'করা' হল ক্রিয়াপদ। উভয় বাগধারার কেন্দ্রে রয়েছে ক্রিয়াপদ। এগুলি ক্রিয়াগুচ্ছের সংগঠন বলে বিবেচিত। এগুলিকে exocentric construction বলা হয়। এছাড়া রয়েছে অজস্র বাক্যাংশ জাত বাগধারা। যেমন—'কিলিয়ে কাঁঠাল পাকানো', 'ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া' প্রভৃতি। বাংলা বাগধারায় ক্রিয়াগুচ্ছ সংগঠন এবং বাক্যাংশের বহুল ব্যবহার রয়েছে। ক্রিয়াশ্রয়ী বাগধারায় ক্রিয়ার অর্থই প্রধান হয় এবং ক্রিয়ার সঙ্গে অন্যান্য পদের কারক সম্পর্ক বজায় থাকে। বাক্যে সমাপিকা ক্রিয়া হিসাবেও ব্যবহৃত হতে পারে। যে উপাদানগুলি দ্বারা বাগধারা গঠিত হয় তা বাগধারাগত একক (idiomatic unit) হিসাবে বিবেচিত এবং একটি নির্দিষ্ট পদক্রমে উপাদানগুলি সাজানো থাকে। উপাদানগুলির খুশিমতো স্থান পরিবর্তন করা মুশকিল।

যেমন—'শাক দিয়ে মাছ ঢাকা'-কে 'মাছ ঢাকা শাক দিয়ে' বললে যেমন কানে খটকা লাগে তেমনি 'মাথার ঘাম পায়ে ফেলা'-কে 'পায়ে মাথার ঘাম ফেলা' বলা মুশকিল। সাধারণ বাক্যের পদক্রম বদলানো যায়। কিন্তু বাগধারার পদক্রম বদলানো যায় না। কারণ, বাগধারা তার পূর্ববর্তী কাঠামোকে, সে পদগুচ্ছই হোক, বাক্য হোক কিংবা বাক্যাংশ হোক—গোটা কাঠামোটিকে শিলীভূত করে দেয়। সেজন্য নির্দিষ্ট পদক্রম অনুযায়ী বাগধারার সংগঠন ও তাদের আভ্যন্তরীণ কারক সম্পর্ক বিশ্লেষণ করা হবে।

৪. ক্রিয়ার অবস্থান এবং গঠনগত ও ব্যাকরণগত তাৎপর্য

ক। বিশেষ্য + ক্রিয়া

i. মাথা খাওয়া (সর্বনাশ করা, নষ্ট করা)—বেশি আদর দিয়ে পরিবারের লোকেরাই ছেলেটার মাথা খেয়েছে।
$[[[\text{মাথা}_{_N}]_{_NP}\ [\text{খা}_{_V}]]_{_VP}]$+ওয়া
ii. নাক গলানো (অনধিকার চর্চা)—অন্যের ব্যক্তিগত বিষয়ে নাক গলানো উচিত না।
$[[[\text{নাক}_{_N}]_{_NP}\ [\text{গল}_{_V}]]_{_VP}]$+আনো

খ। বিশেষণ + ক্রিয়া

iii. লম্বা দেওয়া (পালানো)—পুলিশ দেখেই বাচ্চারা লম্বা দিল।
$[[[\text{লম্বা}_{_Adj}]_{_AdjP}\ [\text{দে}_{_V}]]_{_VP}]$+ওয়া
iv. গরম হওয়া (রেগে যাওয়া)—ভদ্রলোকটি একটুতেই গরম হয়ে যান।
$[[[\text{গরম}_{_Adj}]_{_AdjP}\ [\text{হ}_{_V}]]_{_VP}]$+ওয়া

উপরের (ক) এবং (খ) সংগঠনের উদাহরণগুলির প্রথম উপাদানটি বিশেষ্য অথবা বিশেষণ এবং শেষের উপাদানটি ক্রিয়া। উভয়ে মিলে একটি ক্রিয়ার অর্থ প্রকাশ করে। তবে তাদের আভিধানিক অর্থ ছাড়িয়ে বিশিষ্ট অর্থ উৎপন্ন হয়। এই ধরনের সংগঠন ব্যাকরণের পরিভাষায় সংযোগমূলক ক্রিয়া বা যুক্ত ক্রিয়া নামে পরিচিত। যখন নামপদ ও ক্রিয়াপদ পাশাপাশি মিলিত হয়ে একটি ক্রিয়ার অর্থ প্রকাশ করে বাক্যে প্রযুক্ত হয় তখন তাকে সংযোগমূলক ক্রিয়া বা যুক্ত ক্রিয়া (conjunct verb) বলা হয়। যেমন—সাহায্য করা, নিক্ষেপ করা, সাঁতার কাটা ইত্যাদি। এই সংগঠনের ক্রিয়াগুলিতে বিশিষ্ট অর্থ যুক্ত হলে সেগুলিকে আর শুধু যুক্ত ক্রিয়া বললে চলে না। সেগুলি বর্তমানে বিশিষ্টার্থক যুক্ত ক্রিয়া নামে পরিচিত। যুক্ত ক্রিয়া প্রসঙ্গে আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় বলেছেন—

> ব্যাকরণের নিয়ম অনুসারে, "দর্শন, আহার, বৃদ্ধি, দোল" প্রভৃতি বিশেষ্য শব্দ "কর্, পা, খা, দে" ধাতুর কর্ম; কিন্তু ব্যবহারিক ভাবে, "দর্শন-কর্, আহার-কর্, বৃদ্ধি-পা, দোল-খা, দোল-দে" প্রভৃতি এক-একটী সরল-ভাব-দ্যোতক ক্রিয়া—এগুলিকে মিশ্রিত বা মিলিত বা সংযোগ-মূলক ধাতু বলাই সঙ্গত।[v]

এই সংযোগমূলক ক্রিয়া বা যুক্ত ক্রিয়া সংগঠন কখনও কখনও অভিধার্থ ছাড়িয়ে বিশিষ্ট অর্থ বহন করে। তখন সেগুলি বাগধারার এলাকায় প্রবেশ করে। লক্ষ করে দেখা গেছে বাংলা বাগধারায় বৃহৎ অংশ জুড়ে রয়েছে যুক্ত

[v] সুনীতিকুমার চট্টোপাধ্যায়, 'ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ', রূপা পাব্লিকেশন ইন্ডিয়া লিমিটেড, নতুন দিল্লী, ২০১৪, পৃ. ২৯৬

ক্রিয়ার সংগঠন। খেয়াল রাখতে হবে কর্ম-ক্রিয়ার সংগঠন হয়ে না দাঁড়ায়। তবে অনেক সময় যুক্ত ক্রিয়ার আক্ষরিক অর্থ এবং বিশিষ্ট অর্থ সমান্তরালভাবে থাকতে পারে। নির্ভর করে প্রয়োগের উপর। যেমন—ধাক্কা খাওয়া-র আভিধানিক অর্থ আঘাত পাওয়া আর বিশিষ্ট অর্থ ক্ষতিগ্রস্ত হওয়া। মার খাওয়া-র আভিধানিক অর্থ প্রহার ভোগ করা; আবার কার্যকরী না হওয়া, ব্যবসা-বাণিজ্যে ব্যর্থ হওয়া—বিশিষ্ট অর্থেও ব্যবহৃত হতে পারে। নির্ভর করছে ব্যবহারের ওপর।

গ। ক্রিয়া + ক্রিয়া

v. বসে যাওয়া (নষ্ট হওয়া)—লকডাউনে মেশিনগুলি ব্যবহৃত না হওয়ায় বসে গেছে।
   [[[বসে$_{-\mathrm{VNF}}$] [যা$_{-\mathrm{VAUX}}$]]$_{-\mathrm{VP}}$]+ওয়া
vi. গেয়ে বেড়ানো (রটনা করা)—মিনতি পিসির কাজই হল যত রাজ্যের খবর গেয়ে বেড়ানো।
   [[[গেয়ে$_{-\mathrm{VNF}}$] [বেড়$_{-\mathrm{VAUX}}$]]$_{-\mathrm{VP}}$]+আনো
vii. কেটে পড়া (চুপিসারে কোনও স্থান ত্যাগ করা)—খাওয়া দাওয়ার পর্ব মিটতেই তারা কেটে পড়েছে।
   [[[কেটে$_{-\mathrm{VNF}}$] [পড়$_{-\mathrm{VAUX}}$]]$_{-\mathrm{VP}}$]+আ

উদাহরণগুলিতে দুটি ক্রিয়াপদ পাশাপাশি অবস্থান করে একটি একক হিসাবে বিশেষ অর্থ প্রকাশ করছে। যে অর্থ প্রকাশিত হচ্ছে সেখানে কোনও একক উপাদানে সেই অর্থ নেই। বিশিষ্ট অর্থ উদ্ভূত হয় ক্রিয়াজোটে। সাধারণত দুটি ক্রিয়াপদ পাশাপাশি বসে একটি ক্রিয়ার অর্থ প্রকাশ করলে তাকে যৌগিক ক্রিয়া বলা হয় (compound verb)। যার প্রথম ক্রিয়াটি হয় অসমাপিকা ক্রিয়া এবং দ্বিতীয় ক্রিয়াটি হয় সমাপিকা ক্রিয়া। যৌগিক ক্রিয়ার প্রথম ক্রিয়াটির অর্থ প্রকাশ পেলেও দ্বিতীয় ক্রিয়াটির আভিধানিক অর্থ লোপ পায়। কিন্তু প্রথম ক্রিয়ার অর্থে বাড়তি মাত্রা যোগ করে যার দ্বারা আকস্মিকতা, ঘটমানতা, সমাপ্তি ইত্যাদি বিভিন্ন অর্থ প্রকাশ পায়। যেমন—

viii. চমকে ওঠা—আরশোলা দেখে সে চমকে উঠল।
ix. ধরে ফেলা—অবশেষে পুলিশ অপরাধীকে ধরে ফেলল।

এখানে ‘চমকে ওঠা’ এবং ‘ধরে ফেলা’ যৌগিক ক্রিয়া দুটির প্রথম ক্রিয়া ‘চমকানো’ এবং ‘ধরা’-র অর্থ বজায় আছে। কিন্তু ‘ওঠা’ এবং ‘ফেলা’ ক্রিয়া দুটির আভিধানিক অর্থ লোপ পেলেও যথাক্রমে ‘আকস্মিকতা’ এবং ‘সমাপ্তিসূচক’ অর্থ প্রকাশ পেয়েছে। আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে—

> বাঙ্গালা ভাষায় “-ইতে” এবং “-ইয়া”-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়া-পদ অন্য কতকগুলি ধাতুর সহিত ব্যবহৃত হয়, এবং উভয়ে মিলিয়া একটী অর্থ প্রকাশ করে। এইরূপ মিলিত বা যৌগিক ক্রিয়াতে প্রথম ক্রিয়া-পদের অর্থটীই বলবৎ থাকে, দ্বিতীয় ক্রিয়ার অর্থ প্রথমটীর অর্থের পূর্ণতা বা সমাপ্তি, নিত্যতা, প্রারম্ভিকতা, শক্যতা, অবধারণ ও বিশদতা, অনুমোদন বা অনুমতি প্রভৃতি বিভিন্ন ভাব প্রকাশ করে। এইরূপ যৌগিক ক্রিয়ার, দ্বিতীয় ক্রিয়াকে প্রথম বা যৌগিক ক্রিয়ার সহকারী ক্রিয়া বলা যাইতে পারে।[vi]

[vi] সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ, রূপা পাব্লিকেশন ইন্ডিয়া লিমিটেড, নতুন দিল্লি, ২০১৪, পৃ. ৩৫৪-৩৫৫

কিন্তু বসে যাওয়া, গেয়ে বেড়ানো, কেটে পড়া ক্রিয়াগুলি সাংগঠনিক দিক থেকে যৌগিক ক্রিয়া হলেও শুধু দ্বিতীয় ক্রিয়া নয়, প্রথম ক্রিয়ারও আভিধানিক অর্থ লোপ পেয়েছে। পরিবর্তে নতুন অর্থ তথা বিশিষ্ট অর্থ সংযোজিত হয়েছে। যার ফলে সাধারণ যৌগিক ক্রিয়া সঙ্গে অর্থগত ব্যবধান রচিত হয়। সুতরাং এই সংগঠনের বাগধারাগুলিকে শুধু যৌগিক ক্রিয়া না বলে বাগধারাগত যৌগিক ক্রিয়া বলাই সঙ্গত।

ঘ। (ক্রিয়া + ক্রিয়া) + (ক্রিয়া + ক্রিয়া)

x. উড়ে এসে জুড়ে বসা (অনাহূত হয়ে এসে কর্তৃত্ব দেখানো)—দলত্যাগ করে এসে বাবু দিব্যি উড়ে এসে জুড়ে বসলেন, আর পুরোনো কর্মীরাই পাত্তা পেল না।
[[[[উড়ে$_{-VNF}$] [এসে$_{-VAUX}$]]$_{-VP}$]$_{-VMOD}$ [[জুড়ে$_{-VNF}$] [বস$_{-VAUX}$]]]$_{-VP}$]+আ

xi. ছেড়ে দিয়ে তেড়ে ধরা (সুযোগ হাতছাড়া করে অনুপযুক্ত সময়ে আবার পাওয়ার চেষ্টা)—দশ বছর আগে পাওয়া চাকরিটা ছেড়ে দিয়ে সে এখন কোনও একটা চাকরির জন্য ছেড়ে দিয়ে তেড়ে ধরেছে।
[[[[ছেড়ে$_{-VNF}$] [দিয়ে$_{-VAUX}$]]$_{-VP}$]$_{-VMOD}$ [[তেড়ে$_{-VNF}$] [ধর$_{-VAUX}$]]]$_{-VP}$]+আ

এই বাগধারাগুলিতেও উপরের মতো যৌগিক ক্রিয়ার সংগঠন রয়েছে। কিন্তু এখানে দুটি যৌগিক ক্রিয়া মিলে একটি একক হিসাবে বাক্যে প্রয়োগ হয়েছে। যেমন—এখানে 'উড়ে আসা' এবং 'ছেড়ে দেওয়া' যৌগিক ক্রিয়া দুটি যথাক্রমে 'জুড়ে বসা' এবং 'তেড়ে ধরা' যৌগিক ক্রিয়াদুটির সঙ্গে যুক্ত হয়ে 'উড়ে এসে জুড়ে বসা' এবং 'ছেড়ে দিয়ে তেড়ে ধরা' বাগধারা দুটি গঠিত। এখানেও অংশগ্রহণকারী ক্রিয়াগুলির আক্ষরিক অর্থ লোপ পেয়ে বিশিষ্ট অর্থ প্রকাশ পেয়েছে। এই সংগঠনের বাগধারা বাংলা ভাষায় রয়েছে একেবারে হাতে গোনা কয়েকটি।

ঙ। বিশেষ্য + ক্রিয়া + ক্রিয়া

xii. রক্ত চড়ে যাওয়া (অত্যন্ত ক্রুদ্ধ হওয়া)—মিথ্যা কথা শুনে ম্যানেজারের রক্ত চড়ে গিয়েছিল।

xiii. অগা মেরে যাওয়া (অকর্মণ্য বা বোকা হয়ে যাওয়া)—লকডাউনে স্কুল কলেজ বন্ধ থাকায় ছেলেমেয়েগুলো অগা মেরে যাচ্ছে।

চ। বিশেষণ + ক্রিয়া + ক্রিয়া

xiv. ট্যারা বনে যাওয়া (বিস্ময়ে হতবাক হওয়া)—রিক্সাওয়ালা লটারিতে এক কোটি টাকা পাওয়ায় সবাই ট্যারা বনে গেছে।

xv. ঠাণ্ডা মেরে যাওয়া (নিরুৎসাহ বা চুপচাপ হয়ে যাওয়া)—শিক্ষক মহাশয় বকাবকি করায় ক্লাসের চনমনে ছাত্রটি কাল থেকে ঠাণ্ডা মেরে গেছে।

উপরের (ঙ) এবং (চ) সংগঠনের কিছু উদাহরণে রয়েছে যুক্ত ক্রিয়া এবং যৌগিক ক্রিয়ার মিশ্রণ। কিংবা বলা যায় যুক্ত ক্রিয়ার যৌগিক ক্রিয়ায় প্রসারণ। বাংলা যুক্ত ক্রিয়াকে যৌগিক ক্রিয়ায় প্রসারণ ঘটানো সম্ভব। সেখানে যুক্ত ক্রিয়ার অর্থে অতিরিক্ত অর্থ সংযোজিত হয়। এখানেও তেমন হওয়ার সুযোগ থাকলেও গোটা অংশ মিলে একটি একক হিসাবে পরিগণিত হয়েছে এবং বিশিষ্ট অর্থ প্রকাশ পেয়েছে। এমনটাও দেখা যায় যদি যুক্ত ক্রিয়ার যৌগিক ক্রিয়ায় প্রসারণ না ঘটে তবে নির্দিষ্ট অর্থ প্রকাশে বাধাপ্রাপ্ত হয়। আবার এই সংগঠনের সবগুলিতেই যে যুক্ত ক্রিয়া

এবং যৌগিক ক্রিয়ার মিশ্রণ থাকবে অথবা যুক্ত ক্রিয়ার ক্রিয়াপদের যৌগিক ক্রিয়ায় সম্প্রসারণ দেখা যাবে এমনটা নয়। যেমন—‘ওজন বুঝে চলা’, ‘কথা বেঁচে খাওয়া’ প্রভৃতি বাগধারায় পদক্রমের নিরিখে বর্তমান সংগঠনের হলেও যুক্ত ক্রিয়া এবং যৌগিক ক্রিয়ার মিশ্রণ নয়। এছাড়া ‘আকাশে হেঁটে বেড়ানো’-য় ‘হেঁটে বেড়ানো’—যৌগিক ক্রিয়া হলেও যুক্ত ক্রিয়ার যৌগিক ক্রিয়ায় প্রসারণ নয়। সুতরাং এই সংগঠনের বাগধারাগুলির ক্রিয়া দুটি যৌগিক ক্রিয়া হতেও পারে আবার নাও হতে পারে; নামপদ ও প্রথম ক্রিয়াপদ মিলে যুক্ত ক্রিয়া গঠিত হতেও পারে, নাও হতে পারে। সর্বোপরি এই সংগঠনের মধ্যে বৈচিত্র্যের বৈভব নজরে আসে।

ছ। বিশেষণ + বিশেষ্য + ক্রিয়া

xvi. পুরানো কাসুন্দি ঘাঁটা (অপ্রীতিকর পুরানো প্রসঙ্গের পুনরুত্থাপন)—এমন আনন্দের দিনে কী দরকার পুরানো কাসুন্দি ঘাঁটার?

[[[[পুরানো$_{_Adj}$] [কাসুন্দি$_{_N}$]]$_{_NP}$ [ঘাঁট$_{_V}$]]$_{_VP}$]+আ
কর্ম

xvii. অথৈ জলে পড়া (গভীর সংকটে পড়া)—লকডাউনে চাকরিটি চলে যাওয়ায় বিশুবাবুর পরিবারটি অথই জলে পড়েছে।

[[[[অথই$_{_Adj}$] [জলে$_{_N}$]]$_{_NP}$ [পড়$_{_V}$]]$_{_VP}$]+আ
অধিকরণ

এই সংগঠনের ক্রিয়াগুলির অধিকাংশই সকর্মক হয়ে থাকে। বিশেষণ ও বিশেষ্য পদ দুটি একটি বিশেষ্যগুচ্ছে অবস্থান করে। বিশেষ্যগুচ্ছগুলি ক্রিয়াপদের সঙ্গে কর্ম, করণ ও অধিকরণ কারক সম্পর্কে যুক্ত থাকে। তবে ‘অথই জলে পড়া’-র মতো কিছু বাগধারার ক্রিয়া (পড়া) অকর্মক হয়ে থাকে।

জ। বিশেষ্য + বিশেষণ + ক্রিয়া

xviii. মুখ কালো করা (রাগ, দুঃখ বা অভিমানে মুখ ভার করা)—আজও পুজোর নতুন জামা না আসায় বিনু মুখ কালো করেছে।

[[[মুখ$_{_N}$]$_{_NP}$ [[কালো$_{_Adj}$]$_{_AdjP}$ [কর$_{_V}$]]]$_{_VP}$]+আ
কর্ম

xix. বাজার গরম করা (উত্তেজনার আবহ সৃষ্টি করা)—মঞ্চে উঠেই মন্ত্রীমশাই অপ্রীতিকর কিছু শব্দ ব্যবহার করে বাজার গরম করতে চাইলেন।

[[[বাজার$_{_N}$]$_{_NP}$ [[গরম$_{_Adj}$]$_{_AdjP}$ [কর$_{_V}$]]]$_{_VP}$]+আ
কর্ম

xx. হাত ছোট করা (খরচ কমানো)—বাজার অগ্নিমূল্য হওয়ায় হাত ছোট করে চলতে হচ্ছে।

[[[হাত $_{_N}$]$_{_NP}$ [[ছোট$_{_Adj}$]$_{_AdjP}$ [কর$_{_V}$]]]$_{_VP}$]+আ
কর্ম

ব্যাকরণগত কাঠামো অনুসারে এক্ষেত্রে বিশেষণ এবং ক্রিয়াপদ মিলে যুক্ত ক্রিয়া গঠনের একটি প্রবণতা দেখা দেয়। বেশিরভাগ বিশেষ্য পদ কর্ম কারকের সম্পর্কে প্রযুক্ত হয়। কিন্তু বিশিষ্ট অর্থ সৃষ্টি হওয়ার ফলে পদগুলি মিলে একটি একক হিসাবে বাক্যে প্রযুক্ত হয়।

ঝ। বিশেষ্য + বিশেষ্য + ক্রিয়া

xxi. গায়ে কাঁটা দেওয়া (ভয়ে রোমাঞ্চিত হওয়া)—অনেক দিন পরে ভূতের গল্প পড়ে তার গায়ে কাঁটা দিল।
[[[গায়ে_N]_NP [[কাঁটা_N]_NP [দে_V]]]_VP]+ওয়া
অধিকরণ

xxii. হাড়ে বাতাস লাগা (স্বস্তি পাওয়া)—বুড়ো গেলে যেন বুড়ির হাড়ে বাতাস লাগে।
[[[[হাড়ে_N]_NP [[বাতাস_N]_NP [লাগ_V]]]_VP]+আ
অধিকরণ

সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণে দেখা গিয়েছে দুইয়ের অধিক পদবিশিষ্ট বাংলা বাগধারাগুলির মধ্যে এই সংগঠনের বাগধারার ব্যবহার সবেচেয়ে বেশি। এই সংগঠনের বাগধারাগুলির ক্রিয়াপদের সঙ্গে অন্যান্য বিশেষ্য পদের মধ্যে কারক সম্পর্কের বৈচিত্র্য পরিলক্ষিত হয়।

ঞ। বিশেষ্য + নঞর্থক + ক্রিয়া

xxiii. তর না সওয়া (একটুও দেরি করতে না চাওয়া)—বিয়েবাড়ি যেতে তোমার যেন আর তর সইছে না।

xxiv. ধার না ধারা (উপেক্ষা করা; সম্পর্ক না রাখা)—ছোট থেকেই সে নিজের মতো চলে; কারও ধার ধারে না।

এই সংগঠনের বাগধারাগুলিতে কোনও কোনও সময় নঞর্থক অব্যয় ব্যতিরেকেও বাক্যে ব্যবহৃত হয়। কিন্তু লক্ষ করে দেখা গেছে সাধারণত নঞর্থক অব্যয় যোগে বাক্যে প্রয়োগের প্রবণতা বেশি।

ট। বিশেষ্য + অনুসর্গ + ক্রিয়া

xxv. আকাশ থেকে পড়া (অপ্রত্যাশিত ঘটনায় বিস্মিত হওয়া; না জানার ভান করা)—এই কথা শুনে আকাশ থেকে পড়লে নাকি?
[[[[আকাশ_N] [থেকে_PSP]]_NP [পড়_V]]_VP]+আ
অপাদান

xxvi. পায়ের তলায় রাখা (দাবিয়ে রাখা)—চাকরি করে অর্থ উপার্জন করলেও মেয়েকে তার শ্বশুরবাড়ির লোকজন নানাভাবে পায়ের তলায় রাখে।
[[[[পায়ের_N] [তলায়_PSP]]_NP [রাখ_V]]_VP]+আ
অধিকরণ

ঠ। ক্রিয়া + বিশেষ্য + ক্রিয়া

xxvii. কিলিয়ে কাঁঠাল পাকানো (অসম্ভবকে দ্রুত সম্ভব করার চেষ্টা করা)—ক্রিকেট খেলায় ইচ্ছে না থাকলে ক্রিকেট অ্যাকাডেমিতে পাঠানো তো কিলিয়ে কাঁঠাল পাকানোর মতোই ব্যাপার।

[[[[কিলিয়ে_VNF]_VP]_VMOD [কাঁঠাল_N]_NP [পাক_V]]_VP]+আনো

কর্ম

xxviii. খুঁচিয়ে ঘা করা (অনর্থক পুরানো অপ্রিয় প্রসঙ্গ উত্থাপন করে অশান্তি সৃষ্টি করা)—কী দরকার ছিল খুঁচিয়ে ঘা করে সুন্দর মুহুর্তটা নষ্ট করার?

[[[[খুচিয়ে_VNF]_VP]_VMOD [ঘা_N]_NP [কর_V]]_VP]+আ

দেখা গেছে এই সংগঠনের বাগধারাগুলির প্রথম ক্রিয়াপদটি অসমাপিকা ক্রিয়া হয়ে থাকে এবং তা ক্রিয়াবিশেষণের ভূমিকা পালন করে।

ড। বিশেষণ + বিশেষ্য + বিশেষ্য + ক্রিয়া

xxix. কাঁচা বাঁশে ঘুণ ধরা (অল্প বয়সে রোগে জীর্ণ হওয়া, অল্প বয়সে চরিত্র নষ্ট হওয়া)—ছেলেটাকে দেখলেই মনে হয় যে কাঁচা বাঁশে ঘুণ ধরেছে।

[[[[কাঁচা_Adj] [বাঁশে_N]]_NP [[ঘুণ_N]_NP [ধর_V]]]_VP]+আ

অধিকরণ

xxx. পাকা ধানে মই দেওয়া (ক্ষতি করা, হওয়া কাজ নষ্ট করা)—কার পাকা ধানে মই দিয়েছে যে এবারেও মেয়েটার বিয়েটা আটকে গেল!

[[[[পাকা_Adj] [ধানে_N]]_NP [[মই_N]_NP [দে_V]]]_VP]+ওয়া

অধিকরণ

ঢ। বিশেষ্য + বিশেষ্য + বিশেষ্য + ক্রিয়া

xxxi. আকাশের চাঁদ হাতে পাওয়া (দুর্লভ বস্তু পাওয়া)—হারানো শিশুকে ফিরে পেয়ে মা-বাবা যেন আকাশের চাঁদ হাতে পেল।

[[[[আকাশের_N] [চাঁদ_N]]_NP [হাতে_N]_NP [পা_V]]]_VP]+ওয়া

কর্ম অধিকরণ

xxxii. মাথার ঘাম পায়ে ফেলা (কঠোর পরিশ্রম করা)—রমেশের বাবা মাথার ঘাম পায়ে ফেলে বিঘে দুই জমি কিনতে পেরেছে।

[[[[মাথার_N] [ঘাম_N]]_NP [পায়ে_N]_NP [ফেল_V]]]_VP]+আ

কর্ম অধিকরণ

ণ। বিশেষ্য + বিশেষ্য + ক্রিয়া + ক্রিয়া

xxxiii. মাথায় আকাশ ভেঙে পড়া (আকস্মিক বিপদে দিশাহারা)—টাকার ব্যাগটা ট্রেনে হারিয়ে মাথায় আকাশ মাথায় ভেঙ্গে পড়েছে।

[[[[মাথায়_N]_NP [আকাশ_N]_NP [[ভেঙে_VNF] [পড়্_VAUX]]]_VP]+আ

অধিকরণ কর্তা

xxxiv. বানের জলে ভেসে আসা (নিরাশ্রয় হওয়া; তুচ্ছ বলে বিবেচিত হওয়া)—সে তো আর বানের জলে ভেসে আসেনি যে যা বলবে সব করতে হবে।

[[[[বানের_N] [জলে_N]]_NP [[ভেসে_VNF] [আস_VAUX]]]_VP]+আ

করণ

xxxv. অন্নপ্রাশনের অন্ন উঠে আসা (কদর্য ঘটনায় প্রচণ্ড বমির উদ্রেক হওয়া)—যেভাবে খুন হওয়া পচা-গলা দেহটি পুলিশ উদ্ধার করেছে তা দেখলে অন্নপ্রাশনের অন্ন উঠে আসবে।

[[[[অন্নপ্রাশনের_N] [অন্ন_N]]_NP [[উঠে_VNF] [আস_VAUX]]]_VP]+আ

কর্তা

ত। বিশেষ্য + অনুসর্গ + বিশেষ্য + ক্রিয়া

xxxvi. পান থেকে চুন খসা (সামান্যতম ত্রুটি হওয়া)—তার কাছে পান থেকে চুন খসলে আর রক্ষা নেই।

[[[[পান_N] [থেকে_PSP]]_NP [চুন_N]_NP [খস_V]]_VP]+আ

অপাদান কর্তা

xxxvii. কাঁটা দিয়ে কাঁটা তোলা (শত্রুর বিরুদ্ধে শত্রু লাগিয়ে জব্দ করা)—অমিত এই অপমানের শোধ তুলতে রবিকে দলে এনে বুঝিয়ে দেবে কীভাবে কাঁটা দিয়ে কাঁটা তোলে।

[[[[কাঁটা_N] [দিয়ে_PSP]]_NP [কাঁটা_N]_NP [তুল_V]]_VP]+আ

করণ কর্ম

থ। বিশেষ্য + ক্রিয়া + বিশেষ্য + ক্রিয়া

xxxviii. ঝোপ বুঝে কোপ মারা (সুযোগ বুঝে কার্যসিদ্ধি করা)—করোনার আবহে সার্জিকাল মাস্ক চড়া দামে বিক্রি করে যে যেমন পেরেছে ঝোপ বুঝে কোপ মেরেছে।

[[[ঝোপ_N]_NP [বুঝে_VNF]]_VP]_VMOD [[কোপ_N]_NP [মার_V]]]_VP]+আ

কর্ম

xxxix. ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া (উপরস্থকে উপেক্ষা করে কার্যসিদ্ধির চেষ্টা করা)—ঘোড়া ডিঙিয়ে ঘাস খেলে, এবার না তোমার মাইনে আটকে যায়।

[[[ঘোড়া_N]_NP [ডিঙিয়ে_VNF]]_VP]_VMOD [[ঘাস_N]_NP [খা_V]]]_VP]+ওয়া

কর্ম কর্ম

দ। সর্বনাম + বিশেষ্য + বিশেষ্য + ক্রিয়া

xl. নিজের চরকায় তেল দেওয়া (অন্যের ব্যাপারে নাক না গলিয়ে নিজের কাজে মন দেওয়া)—সমাজসেবা কম করে এবার একটু নিজের চরকায় তেল দিয়ে নেটটা এবার পাস কর।

[[[নিজের_PN] [চরকায়_N]]_NP [[তেল_N]_NP [দা_V]]_VP]+ওয়া

অধিকরণ

xli. পরের মুখে ঝাল খাওয়া (পরের মুখে শোনা নিন্দা মেনে লওয়া)—পরের মুখে ঝাল খেয়ে টিনা তার বয়ফ্রেন্ডের সঙ্গে ব্রেক আপ করে নিল।

[[[পরের_PN] [মুখে_N]]_NP [[ঝাল_N]_NP [খা_V]]_VP]+ওয়া

অপাদান

এছাড়াও রয়েছে শব্দদ্বিত্ব সহযোগে ক্রিয়া পদগুচ্ছের বাগধারার সংগঠন—

ধ। শব্দদ্বিত্ব + ক্রিয়া

xlii. মেঘ মেঘ করা (মেঘলা ভাব হওয়া)—কাল থেকে মেঘ মেঘ করে আছে, বড়ি দেওয়াটাই ভুল হল।

xliii. আমতা আমতা করা (কোন কিছু স্পষ্ট করে বলতে না পারা)—কঠিন জেরার মুখে পড়ে লোকটি আমতা আমতা করতে লাগল।

xliv. চোখে চোখে রাখা (সতর্ক দৃষ্টি রাখা)—মা ছেলেটিকে এমন চোখে চোখে রেখেছে একটুও এদিক থেকে ওদিক হবার জো নেই।

ন। শব্দদ্বিত্ব + বিশেষ্য + ক্রিয়া

xlv. মেঘে মেঘে বেলা হওয়া (অনেক সময় অতিবাহিত হওয়া, বরস বৃদ্ধি হওয়া)—চুল তো পাকবেই, মেঘে মেঘে বেলা হল যে অনেক।

xlvi. হাড়ে হাড়ে টের পাওয়া (গভীরভাবে উপলব্ধি করা)—অশান্তি করে বাড়ি থেকে বেরিয়ে কয়েকটা দিন যেতেই পলাশ হাড়ে হাড়ে টের পাচ্ছে সিনেমা আর বাস্তবের পার্থক্যটা কী।

প। বিশেষ্য + ধন্যাত্মক শব্দ + ক্রিয়া

xlvii. হাত নিশপিশ করা (কিছু করার জন্য উদগ্রীব হওয়া)—ছবি তোলার জন্য হাত নিশপিশ করছে।

xlviii. গা করকর করা (প্রতিশোধ নেওয়ার জন্য অধীর হওয়া)— উপযুক্ত জবাব দেওয়ার জন্য গা করকর করছে।

ফ। ক্রিয়াদ্বিত্ব + বিশেষ্য + ক্রিয়া

xlix. পড়ে পড়ে মার খাওয়া (বিনা প্রতিবাদে অত্যাচার সহ্য করা)—মেয়েদের শ্বশুরবাড়িতে পড়ে পড়ে মার খাওয়ার দিন শেষ।

l. ডুবে ডুবে জল খাওয়া (গোপনে বা লোকচক্ষুর অন্তরালে কাজ করা)—তোমার ডুবে ডুবে জল খাওয়ার সব খবর আমরা জানি।

বাগধারায় অংশগ্রহণকারী ক্রিয়াগুলি বিশ্লেষণ করলে দেখা যাবে অকর্মক, সকর্মক, ণিজন্ত প্রভৃতি বিভিন্ন প্রকারের ক্রিয়া বাধগধারা গঠনে সহায়তা করে। তবে বাংলা ভাষায় যতগুলি ক্রিয়া আছে তার সব ক্রিয়া বাগধারায়

অংশগ্রহণ করে—এমনটা নয়। সংখ্যাতাত্ত্বিক বিশ্লেষণ করে দেখা গেছে বাংলা বাগধারায় 'করা', 'খাওয়া', 'ধরা', 'পড়া', 'আসা', 'দেওয়া', 'পাওয়া' প্রভৃতি ক্রিয়া সহ প্রায় দুই শতাধিক ক্রিয়া অংশগ্রহণ করে থাকে। বাংলা ভাষায় সবচেয়ে বেশি ব্যবহৃত ক্রিয়া হল 'করা'। বাগধারার ক্ষেত্রেও 'করা' ক্রিয়ার ব্যবহার আধিক্য পরিলক্ষিত হয়। ক্রিয়া থাকলে তার সঙ্গে অন্যান্য পদের কারক সম্পর্ক থাকে। বাক্য নিরপেক্ষ বাগধারায় কারক সম্পর্ক আর বাক্যে ব্যবহৃত বাগধারার কারক সম্পর্ক দুটি ভিন্ন স্তরের বিষয়। বাক্য নিরপেক্ষ বাগধারায় কারকগুলি বিশ্লেষণ করে দেখা গিয়েছে কর্তৃকারক, কর্ম কারক, করণ কারক, অপাদান কারক ও অধিকরণ কারক থাকে। কিন্তু সম্প্রদান কারক পাওয়া যায়নি।

৫. উপসংহার

প্রতিটি ভাষাগোষ্ঠীর ভাষা ব্যবহারের নিজস্ব কিছু রীতি আছে। যার মধ্যে বাগধারা অন্যতম। বাগধারা হল কথা বলার বিশেষ ঢং বা রীতি। যার ব্যবহার ভাষাকে বিশেষ মাত্রা দেয়। বাগধারায় এক পদের সঙ্গে অন্য পদের সহযোগে যে পদ বা পদগুচ্ছ গঠিত হয় সেগুলি ব্যবহারের মধ্য দিয়ে অভিধার্থ ছাড়িয়ে বিশিষ্ট অর্থ প্রকাশ করে। এর গঠন পদ্ধতিই এর অভিধার্থকে সরিয়ে লক্ষণার্থ ও ব্যঞ্জনার্থের প্রাধান্য প্রতিষ্ঠিত করে। দেখা যায় একধরনের আলঙ্কারিক প্রয়োগ—লোকায়ত অলঙ্কার। যা সাধারণ লোকজীবন থেকে উঠে আসে। তারপরে তা বৃহত্তর সমাজে মান্যতা পায়, কাব্য-সাহিত্যে ব্যবহৃত হয়। মৌলিক শব্দ, সমাসবদ্ধ শব্দ প্রভৃতি যেমন ভাষার শব্দভাণ্ডারকে সমৃদ্ধ করে তেমনি বাগধারার ব্যবহারে ভাষাভাণ্ডার সমৃদ্ধ হয়। বিশেষ প্রসঙ্গ অনুসারে যার প্রয়োগ ঘটে। ভাষা ব্যবহারের প্রয়োগরীতির বিচার করলে যথার্থ স্বরূপটি ফুটে উঠবে। ভাষা সচল থাকলে সময় ও সমাজ পরিবর্তনের পাশাপাশি নতুন নতুন বাগধারা উদ্ভূত হয়। উল্টোদিকে এও সত্য—বাগধারার ব্যবহার ভাষাকে সতেজ রাখতে সহায়তা করে। উৎপত্তির বিচারে বাগধারা প্রয়োগের ক্ষেত্রে ব্যক্তির সৃজনশীলতা কাজ করলেও ভাষাগোষ্ঠীর সর্বজনীন স্বীকৃতির প্রয়োজনীয়তা থাকে। ভাষা-বিবর্তনের নিয়মে কিছু বাগধারা বহুকাল টিকে যায়, আবার কিছু বাগধারার ব্যবহার কমতে কমতে একসময় হারিয়ে যায়। কিন্তু রয়ে যায় তার কাঠামোটি। যে কাঠামোর ওপর জন্ম নেয় নতুন নতুন বাগধারা। ভাষাবিজ্ঞানের অন্যান্য দৃষ্টিভঙ্গি দিয়ে এর বিশ্লেষণ ভবিষ্যতের অনুসন্ধানের বিষয়।

সংকেত সূচি

Adj = Adjective (বিশেষণ)
AdjP = Adjective Phrase (বিশেষণ পদগুচ্ছ)
N = Noun (বিশেষ্য)
NP = Noun Phrase (বিশেষ্য পদগুচ্ছ)
PN = Pronoun (সর্বনাম)
PSP = Post-position (অনুসর্গ)
V = Verb (ক্রিয়া)
VAUX = Auxuliary Verb (সহকারী ক্রিয়া)
VMOD = Verb modifier (ক্রিয়া বিশেষণ)
VNF = Non-finite Verb (অসমাপিকা ক্রিয়া)

VP = Verb Phrase (ক্রিয়া পদগুচ্ছ)

সহায়ক গ্রন্থপঞ্জি

চক্রবর্তী, উদয়কুমার; ২০১২, বাংলা পদগুচ্ছের সংগঠন, দে'জ পাবলিশিং, কলকাতা।
চক্রবর্তী, বরুণকুমার; ১৯৯৯, বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস, পুস্তক বিপণি, কলকাতা।
চক্রবর্তী, বরুণকুমার; ১৯৯৯, লোকসংস্কৃতির সুলুক সন্ধান, বুক ট্রাস্ট, কলকাতা।
চট্টোপাধ্যায়, সুনীতিকুমার; ১৯৬১, সরল ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ, বেঙ্গল পাবলিশার্স, কলকাতা,
চট্টোপাধ্যায়, সুনীতিকুমার; ২০১৪, ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ, রূপা পাব্লিকেশন ইন্ডিয়া লিমিটেড, নতুন দিল্লি।
চৌধুরী, দুলাল ও সেনগুপ্ত, পল্লব (সম্পা:); ২০১৩, লোকসংস্কৃতির বিশ্বকোষ, পুস্তক বিপণি, কলকাতা।
দে, সুশীলকুমার (সম্পা:); ১৩৫২ ব, বাঙলা প্রবাদ: ছড়া ও চলিত কথা, রঞ্জন পাব্লিশিং হাউস, কলকাতা।
বন্দ্যোপাধ্যায়, হরিচরণ; ২০১১, বঙ্গীয় শব্দকোষ, সাহিত্য অকাদেমি, নতুন দিল্লি।
বসু, শুদ্ধসত্ত্ব; ১৩৭২ ব, বাংলা ভাষার ভূমিকা, সুপ্রকাশ, কলকাতা।
ভট্টাচার্য, আশুতোষ; ১৯৭২, বাংলার লোক-সাহিত্য (ষষ্ঠ খণ্ড—প্রবাদ), এ মুখার্জী অ্যাণ্ড কোং লিঃ, কলকাতা।
শহীদুল্লাহ, ডঃ মুহম্মদ; ২০১৪, বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত, মাওলা ব্রাদার্স, ঢাকা।
সরকার, পবিত্র ও ইসলাম, রফিকুল (সম্পা:); ২০১২, প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ, বাংলা একাডেমী, ঢাকা।
সরকার, পবিত্র; ২০১৪, বাংলা ব্যাকরণ প্রসঙ্গ, দে'জ পাবলিশিং, কলকাতা।
সেন, সুকুমার; ২০১৩, ভাষার ইতিবৃত্ত, আনন্দ পাবলিশার্স, কলকাতা।